বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩













গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

www.mochta.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

www.mochta.gov.bd

প্রকাশকাল

অক্টোবর ২০২৩

প্রকাশক
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নির্দেশনায়
জনাব মো: মশিউর রহমান, এনডিসি
সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

সার্বিক তত্ত্বাবধান
জনাব প্রদীপ কুমার মহোত্তম, এনডিসি
অতিরিক্ত সচিব, সমন্বয় অনুবিভাগ
ও
জনাব আলেয়া আক্তার
যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা

সম্পাদনা কমিটি

১. জনাবমো: হুজুর আলী, যুগ্মসচিব	আহবায়ক
২. জনাব সজল কান্তি বণিক, যুগ্মসচিব	সদস্য
৩.জনাব মালেকা পারভীন, উপসচিব	সদস্য
৪. জনাব আবু রাফা মোহাম্মদ আরিফ, উপসচিব	সদস্য
৫. জনাব মোহাম্মদ শরীফুল ইসলাম, উপসচিব	সদস্য
৬. জনাব তাসলিমা বেগম, সিনিয়র সহকারী সচিব	সদস্য
৭.জনাব মুন্না রাণী বিশ্বাস, সিনিয়র সহকারী সচিব	সদস্যসচিব

মুদ্রণ: বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা
স্বত্ব: পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



বীর বাহাদুর উশৈসিং, এমপি
মন্ত্রী
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

পাহাড় আর সবুজে ঘেরা বাংলাদেশের অনিন্দ্য সুন্দর এক অঞ্চল পার্বত্য চট্টগ্রাম। যুগ যুগ ধরে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠী ও জাতিসত্তা এবং বাঙালী জনগণ বসবাস করছে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনগণ যেমন একদিকে সাংস্কৃতিক স্বাতন্ত্র্যের অধিকারী, অন্যদিকে তারা মূলজনগোষ্ঠীর অপরিহার্য অংশ। স্বাধীনতার পর থেকে এ অঞ্চলের সার্বিক উন্নয়নের জন্য বাংলাদেশ সরকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর সংবিধানের আওতায় রাষ্ট্রীয় সার্বভৌমত্ব ও অখন্ডতার প্রতি পূর্ণ ও অবিচল আনুগত্য রেখে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের সকল নাগরিকের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, শিক্ষাগত ও অর্থনৈতিক অধিকার এবং আর্থ-সামাজিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করা সহ বাংলাদেশের সকল নাগরিকের স্ব স্ব অধিকার সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম সংক্রান্ত জাতীয় কমিটি এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে ১৯৯৭ সালের ২ ডিসেম্বর একটি চুক্তি সম্পাদিত হয়। চুক্তির শর্তানুযায়ী ১৯৯৮ সালের ১৫ জুলাই পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় গঠিত হয়।

পার্বত্য অঞ্চলে বসবাসকারী মানুষের স্বাস্থ্য সেবার উন্নয়ন, ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের উন্নয়ন, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ, শিক্ষার প্রসার, ভূমি ব্যবস্থাপনা, কৃষি ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, ফলদ বাগান সৃজন, সামাজিক নিরাপত্তা, উদ্বাস্তু পুনর্বাসন, অবকাঠামো নির্মাণ ও জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধিসহনানা ক্ষেত্রে বিভিন্নপ্রকল্প ও কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। সরকারের পাশাপাশি বিভিন্ন উন্নয়ন সহযোগী দেশীয় ও আন্তর্জাতিক সংস্থা ও বিভিন্ন কর্মসূচি অব্যাহত রেখেছে।

প্রতি বছরের ন্যায় এ বছরেও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। পার্বত্য অঞ্চলের পশ্চাৎপদ জনগোষ্ঠীর কল্যাণে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন উদ্যোগ ও কার্যক্রমের সংক্ষিপ্ত ধারণা দেয়ার জন্যই এ প্রতিবেদন। তাই, ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে মন্ত্রণালয় ও এর অধীনস্থ/সংযুক্ত দপ্তরসমূহের বিভিন্ন কার্যক্রম এবং গৃহীত উন্নয়ন প্রকল্পের বিবরণ সন্নিবেশিত করা হয়েছে। পার্বত্য চট্টগ্রামের স্থানীয় প্রতিষ্ঠানসমূহ সমতলের থেকে কিছুটা ভিন্নতর। পার্বত্য চট্টগ্রামের স্থানীয় প্রতিষ্ঠানসমূহ কিভাবে পরিচালিত হয় সে সম্পর্কেও এ প্রতিবেদনে একটি সম্যক ধারণা দেয়ার চেষ্টা করা হয়েছে।

আমি এ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

জয়বাংলা,জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(বীর বাহাদুর উশৈসিং, এমপি)



মো: মশিউর রহমান, এনডিসি
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশের এক দশমাংশ আয়তন জুড়ে রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি তিনটি জেলা নিয়ে প্রাকৃতিক সৌন্দর্যের অপরূপ লীলাভূমি পার্বত্য চট্টগ্রাম অঞ্চল গঠিত। ১৯৭১ সালে মহান স্বাধীনতা অর্জনের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জন্য একটি অঞ্চল ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছিলেন। কিন্তু জাতির পিতার শাহাদাত বরণের পর পার্বত্য অঞ্চলে সংঘাতপূর্ণ পরিস্থিতির কারণে ঐতিহাসিক পার্বত্য চট্টগ্রাম চুক্তি স্বাক্ষরের পূর্বে ১৯৯৭ সন পর্যন্ত দুই দশক যাবত পার্বত্য চট্টগ্রাম অঞ্চল উন্নয়নের মূল স্রোত ধারা থেকে বিচ্ছিন্ন ছিল। পরবর্তীতে জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদৃঢ় নেতৃত্বে পার্বত্য চট্টগ্রাম চুক্তি স্বাক্ষরের মাধ্যমে পার্বত্য অঞ্চল জাতীয় উন্নয়ন পরিকল্পনার মূল ধারার সঙ্গে সংযুক্ত হয়। এই এলাকার দ্রুত আর্থ-সামাজিক উন্নয়নের জন্য দেশীয় অর্থায়নে ও বৈদেশিক সহায়তায় নেয়া হয় নানা প্রকল্প। যার সফল বাস্তবায়নের সুফল ইতোমধ্যে পার্বত্য এলাকার জনগণ পেতে শুরু করেছে। উন্নত-সমৃদ্ধ পার্বত্য চট্টগ্রাম বিনির্মাণে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় প্রতিষ্ঠার পর থেকে কাজ করে চলেছে ।

সরকার পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন পুনর্গঠন করে কমিশন গঠন করেছে। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, সামাজিক নিরাপত্তা, উদ্বাস্তু পুর্নবাসন, বিদ্যুৎ, যোগাযোগ, অবকাঠামো নির্মাণ, সক্ষমতা বৃদ্ধি ও খেলাধুলা ও সংস্কৃতি চর্চার বিকাশসহ বিভিন্ন প্রকার আর্থ-সামাজিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়নে এ মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। ২০২২-২০২৩ অর্থ বছরে তিন পার্বত্য জেলায় সর্বমোট ১,৮৬৭টি প্রকল্প/স্কিম গ্রহণ করা হয়েছে। বাস্তবভিত্তিক এবং সময়োপযোগী পদক্ষেপ হিসেবে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এলডিসি থেকে উত্তরণ পরবর্তী করণীয় সম্পর্কে আলোকপাত করেছে। এছাড়া চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে একই গতিতে চলতে হলে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কী ধরণের সুযোগ সুবিধা তৈরী করা প্রয়োজন এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করছে।

মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসাবে প্রতিবছর মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য কর্মকান্ডের সংক্ষিপ্ত বিবরণ নিয়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হয়। উক্ত প্রতিবেদনে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রম এবং উন্নয়ন প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র বিধৃত হয়েছে। যার মাধ্যমে পার্বত্য এলাকার সামগ্রিক চিত্র এবং উন্নয়ন কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যাবে। প্রতিবেদনটি প্রকাশের সঙ্গে জড়িত সকলের প্রচেষ্টাকে আন্তরিক অভিবাদন জানাই।

পার্বত্য অঞ্চলের শান্তি ও সমৃদ্ধির লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অভিযাত্রা অব্যাহত থাকার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছি।

জয়বাংলা
বাংলাদেশ চিরজীবী হোক।

(মো: মশিউর রহমান এনডিসি)

সূচিপত্র

ক্রমিক নম্বর	বিষয়	পৃষ্ঠা
১	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	২-২০
২	পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ	২১-২৫
৩	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	২৬-৬১
৪	ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন বিষয়ক টাস্কফোর্স	৬৩-৬৬
৫	জেলা পরিষদসমূহ :	৬৭
ক	রাঙামাটি পার্বত্য জেলা পরিষদ	৬৮-৮১
খ	বান্দরবান পার্বত্য জেলা পরিষদ	৮২-১০৬
গ	খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ	১০৭-১১৭
৬	বিবিধ	
৬.১	পার্বত্য চট্টগ্রাম চুক্তি বাস্তবায়ন ও অগ্রগতি	১১৮
৬.২	পার্বত্য চট্টগ্রামের প্রথাগত শাসনব্যবস্থা	১১৯
৬.৩	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের নাম,পদবি ও ফোন নম্বর	১২০-১২১



ঐতিহ্যবাহী পোশাকে বাঙালিসহ পার্বত্য চট্টগ্রামের ১২টি সম্প্রদায়

১. পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

১.১ ভূমিকা:

দেশের দক্ষিণপূর্বের তিন জেলা রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান নিয়ে পার্বত্য চট্টগ্রাম অঞ্চল (Chittagong Hill Tracts) গঠিত। পাহাড়ি এ অঞ্চলের উত্তরে ভারতের ত্রিপুরা, দক্ষিণ-পূর্ব দিকে মিয়ানমার, পূর্বে ভারতের মিজোরাম আর পশ্চিমে চট্টগ্রাম। পার্বত্য চট্টগ্রামের আয়তন ১৩ হাজার ২৯৫ বর্গকিলোমিটার, যা বাংলাদেশের মোট আয়তনের প্রায় ১০ ভাগের ১ ভাগ। ২০২২ সালের জনশুমারি অনুযায়ী এ অঞ্চলের মোট জনসংখ্যা ১৮,৪২,৮১৫ জন।

ক্ষুদ্র নৃগোষ্ঠী ও জাতিসত্তাসমূহের মধ্যে রয়েছে চাকমা, মারমা, ত্রিপুরা, তঞ্চংগ্যা, ম্রো, লুসাই, বোম, পাংখুয়া, খুমি, চাক এবং খিয়াং। অন্যান্য সম্প্রদায়ের মধ্যে অধিকাংশ মুসলমান এবং বাকিরা হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান ধর্মাবলম্বী। এসব ক্ষুদ্র নৃগোষ্ঠী ও ক্ষুদ্র জাতিসত্তা এবং বাঙালি জনগোষ্ঠী তাদের নিজ নিজ ভাষা, সংস্কৃতি, ধর্ম, ঐতিহ্য ও কৃষ্টির স্বকীয়তা বজায় রেখে যুগ যুগ ধরে একে অপরের পাশাপাশি বসবাস করে আসছে। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলটি ১৮৬০ সালে চট্টগ্রাম জেলা হতে ভাগ হয়ে একটি স্বতন্ত্র জেলার মর্যাদা লাভ করে। পরবর্তীতে এ অঞ্চলকে তিনটি জেলায় রূপান্তরিত করা হয়। বর্তমানে তিনটি পার্বত্য জেলায় মোট ৭টি পৌরসভা এবং ২৬ টি উপজেলা আছে। ১৯৯৭ সালের ২ ডিসেম্বর স্বাক্ষরিত পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির ফলশ্রুতিতে ১৯৯৮ সনের ১৫ জুলাই পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকে মন্ত্রণালয়টি পার্বত্যবাসীর সার্বিক কল্যাণে এবং শান্তি চুক্তির পূর্ণবাস্তবায়নে ভূমিকা রেখে চলেছে।

১.২ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় গঠন:

যুগ যুগ ধরে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠী ও জাতিসত্তা এবং বাঙালী জনগণ বসবাস করছে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর যেমন একদিকে সাংস্কৃতিক স্বাতন্ত্র্যের অধিকারী,অন্যদিকে তারা মূল জনগোষ্ঠীর অপরিহার্য অংশ। স্বাধীনতার পর থেকে এ অঞ্চলের সার্বিক উন্নয়নের জন্য বাংলাদেশ সরকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের আওতায় রাষ্ট্রীয় সার্বভৌমত্ব ও অখন্ডতার প্রতি পূর্ণ ও অবিচল আনুগত্য রেখে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের সকল নাগরিকের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, শিক্ষাগত ও অর্থনৈতিক অধিকার এবং আর্থ-সামাজিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করাসহ বাংলাদেশের সকল নাগরিকের স্ব স্ব অধিকার সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম সংক্রান্ত জাতীয় কমিটি এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে ১৯৯৭ সালের ২ ডিসেম্বর পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি সম্পাদিত হয়। চুক্তির শর্তানুযায়ী ১৯৯৮ সালের ১৫ জুলাই পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় গঠিত হয়।

১.৩ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/প্রতিষ্ঠানসমূহ:

(১) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ;
(২) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড;

(৩) ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন বিষয়ক টাস্কফোর্স;
(৪) রাঙামাটি পার্বত্য জেলা পরিষদ;
(৫) খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এবং
(৬) বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

১.৪ এ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের কার্যাবলি:

ক) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসন সংক্রান্ত বিষয়াদি;
খ) নিয়ন্ত্রিত বিষয়াদিতে পার্বত্য চট্টগ্রাম এলাকার স্থানীয় সরকারসমূহকে পরামর্শ প্রদান;
গ) সকল প্রাসংগিক বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের সমন্বয় সাধন;
ঘ) পার্বত্য চট্টগ্রাম এলাকার জন্য গঠিত কাউন্সিল কমিটি, বিশেষ কমিটি এবং ওয়ার্কিং কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান;
ঙ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং কমিটিসমূহকে পরামর্শ দান, মনিটরিং এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রাসংগিক সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন;
চ) পরিকল্পনা ও উন্নয়ন কর্মসূচি প্রস্তুত করা, পার্বত্য চট্টগ্রাম এলাকার জন্য উন্নয়ন কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ;
ছ) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও পার্বত্য জেলা পরিষদসমূহের সমুদয় কার্যাবলি সম্পাদন;
জ) পার্বত্য চট্টগ্রাম এলাকায় প্রচলিত আইন অনুসারে উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, গ্রাম সরকারসহ সকল স্থানীয় সরকারসমূহের কার্যাবলি সম্পাদন;
ঝ) পার্বত্য চট্টগ্রাম এলাকার পরিবেশ ও ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য অক্ষুণ্ন রাখার জন্য সংশ্লিষ্ট সকল সরকারি কর্মবিভাগের মধ্যে সমন্বয় রক্ষা করা;
ঞ) পার্বত্য চট্টগ্রাম এলাকার উপ-জাতীয়/অ-উপজাতীয় জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন, শিক্ষা, সংস্কৃতি, সামাজিক প্রথা, রীতি-নীতি, ভাষা, ধর্ম, আচার-আচরণ ও স্বকীয়তা বজায় রাখার উদ্দেশ্যে কার্যক্রম গ্রহণ;
ট) পার্বত্য চট্টগ্রাম এলাকার ত্রাণ ও পুনর্বাসন এবং আপদকালীন পরিস্থিতি মোকাবেলা সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও সমন্বয় সাধন;
ঠ) পার্বত্য চট্টগ্রাম এলাকার এনজিও কার্যক্রম পর্যবেক্ষণ ও মনিটরিং করা;
ড) পার্বত্য এলাকার আঞ্চলিক পরিষদসহ সকল পর্যায়ের স্থানীয় সরকার পরিষদসমূহের যাবতীয় উন্নয়নমূলক কর্মকান্ডের তদারকি ও সমন্বয়সহ আন্ত:মন্ত্রণালয়/বিভাগের উন্নয়ন কর্মকান্ডের সমন্বয় সাধন;
ঢ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রশাসন;
ণ) সমন্বিত পর্বত উন্নয়নের আন্তর্জাতিক সংস্থা (ইসিমড) সংক্রান্ত বিষয়াদি;
ত) এ মন্ত্রণালয়ের কার্যাবলীর সংগে সংশ্লিষ্ট সকল আন্তর্জাতিক সংগঠনের সংশ্লিষ্টতা (লিয়াজোঁ) বজায় রাখা এবং সকল বৈদেশিক বিষয়াদি;
থ) মন্ত্রণালয়ের অধীন ন্যস্ত বিষয়াবলির সংগে সংশ্লিষ্ট সকল আইন প্রণয়ন সংক্রান্ত কাজ এবং
দ) মন্ত্রণালয়ের বরাদ্দকৃত কোন বিষয়ের তদন্ত এবং পরিসংখ্যান।

১.৫ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো:

জনাব বীর বাহাদুর উশৈসিং,এমপি বর্তমানে এ মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রী হিসেবে নিয়োজিত আছেন। এ মন্ত্রণালয়ে সচিবের পদ ০১টি, যুগ্মসচিব ০২টি, উপসচিব ০৫টি, সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ১০টি, সচিবের একান্ত সচিব ০১টি, হিসাব রক্ষণ কর্মকর্তা ০১টি, সিস্টেম এনালিস্ট ০১টি, প্রোগ্রামার ০১টি, সহকারী প্রোগ্রামার ০১টি, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার ০১টি, গবেষণা কর্মকর্তার ০১টি পদসহ ১ম-৯ম গ্রেডের সর্বমোট ২৫টি পদ, প্রশাসনিক কর্মকর্তার পদ ০৯টি, ব্যক্তিগত কর্মকর্তার ০৮টি পদ ও সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তার ০১টি সহ ১৮টি ১০ম গ্রেডের কর্মকর্তার পদ, ১১-১৬ গ্রেডের পদ ১৭টি এবং ১৭-২০ গ্রেডের কর্মচারির ২১টি পদসহ মোট ৮১টি পদের সংস্থান রয়েছে।

এ মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো অনুযায়ী যুগ্মসচিবদের অধীন অধিশাখা এবং শাখাসমূহ নিম্নরূপ:

যুগ্ম-সচিব(প্রশাসন) প্রশাসন অনুবিভাগ	উপসচিব প্রশাসন অধিশাখা	সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা,
		সিনিয়র সহকারী সচিব, আইন শাখা
		সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা
	উপসচিব বাজেট অধিশাখা	সিনিয়র সহকারী সচিব, বাজেট/প্রশাসন-২ শাখা
		হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা
	উপসচিব পরিষদ	সিনিয়র সহকারী সচিব, পরিষদ শাখা-১
		সিনিয়র সহকারী সচিব, পরিষদ শাখা-২

যুগ্ম-সচিব (উন্নয়ন) উন্নয়ন অনুবিভাগ	উপসচিব সমন্বয়	সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা-১
		সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা-২
	উপসচিব উন্নয়ন	সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা শাখা-১
		সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা শাখা-২
		সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন শাখা

১.৫.ক পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উইং/অধিশাখা/শাখাওয়ারী কার্যবণ্টন :

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ

- প্রশাসন অধিশাখা এবং পরিষদ অধিশাখার সার্বিক কর্মকাণ্ডের তদারক করা, সমন্বয় এবং কাজের গতি দ্রুত করা;
- অধীন সংস্থাসমূহের কার্যাবলি পর্যবেক্ষণ এবং পরিদর্শন করা;
- সরকার এ মন্ত্রণালয় সম্পর্কিত কমিটিসমূহের পরামর্শ, নির্দেশনা মনিটরিং এবং প্রয়োজনীয় প্রাসঙ্গিক সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ;
- মন্ত্রণালয় এবং অধীন সংস্থা সমূহের অডিট কার্যক্রম মনিটর করা;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দেয় অন্যান্য কার্যাবলি এবং তদন্ত ও পরিদর্শন সংক্রান্ত কার্যাবলি পরিচালনা করা ।

প্রশাসন অধিশাখা

- প্রশাসন-১ শাখা, বাজেট/প্রশাসন-২ শাখা, আইন শাখা, হিসাব শাখা এবং আইসিটি শাখার কার্যাবলি তদারক করা, সমন্বয় সাধন এবং কাজের গতি ত্বরান্বিত করা ;
- হিসাব শাখা কর্তৃক প্রাক্কলিত মন্ত্রণালয়ের বাজেট, মাসিক এবং বাৎসরিক আর্থিক হিসাব এবং পেনশন সংক্রান্ত কেইস প্রভৃতি যাচাইকরণ এবং এ সকল কাজের গতি দ্রুততরকরণ;
- মন্ত্রণালয়ের অডিটসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় কমিটির সভা অনুষ্ঠানসহ অডিট নিষ্পত্তির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ;
- সিভিল এ্যাফেয়ার্স অফিসের যাবতীয় কার্যাবলি;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দেয় অন্যান্য কার্যাবলি এবং তদন্ত ও পরিদর্শন কার্যাবলি পরিচালনা করা।

প্রশাসন-১ শাখা

- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক সকল বিষয়াদি;
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের যে কোনো দপ্তরের ওয়ার্কশপ, সেমিনার, নিয়োগ পরীক্ষা ও সংযুক্ত অফিসে অন্য কোনো অস্থায়ী দায়িত্বে নিয়োগ ইত্যাদি কাজে মনোনয়ন প্রদান ও প্রশাসনিক বিষয়াদি;
- বৈদেশিক/অভ্যন্তরীণ প্রশিক্ষণ বা অন্য কোনো প্রকার বিদেশ ভ্রমণ সংক্রান্ত যাবতীয় কার্যাদি এবং দেশের অভ্যন্তরীণ ওয়ার্কশপ সেমিনার ইত্যাদি আয়োজন ও কর্মকর্তা মনোনয়ন;
- মাসিক সমন্বয় সভা;
- ডাক গ্রহণ ও বিতরণ;
- সার্কেল চীফ নিয়োগ;
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রশাসনিক কার্যাবলি, প্রাতিষ্ঠানিক বিষয়াদি এবং বোর্ড ও বোর্ডের বিভিন্ন প্রকল্পে প্রেষণে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত;
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও তিন পার্বত্য জেলা পরিষদে প্রেষণে কর্মকর্তা নিয়োগ, বদলি ও তাদের ব্যক্তিগত নথি সংক্রান্ত;
- সিভিল এ্যাফেয়ার্স অফিসের প্রশাসনিক কার্যাবলি;
- পার্বত্য চুক্তির আওতায় গঠিত বাস্তবায়ন কমিটি ও শরণার্থী প্রত্যাবাসন, পুনর্বাসন ও অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ সংক্রান্ত টাস্কফোর্সে প্রেষণে নিয়োগ সংক্রান্ত;
- প্রটোকল;
- বিভিন্ন অভিযোগের তদন্ত ও পরিদর্শন কার্যাবলি পরিচালনা করা;
- মন্ত্রণালয় সংশ্লিষ্ট অনুষ্ঠানাদির (সাংস্কৃতিক/বিশেষ দিবস/অন্যান্য) আয়োজন, ব্যবস্থাপনা, তদারকি ও অন্যান্য শাখার কর্মতালিকাভুক্ত বিষয়ে একই প্রকারের অনুষ্ঠানাদিতে সহায়তাকরণ এবং

- ❖ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

বাজেট /প্রশাসন-২ শাখা

- ❖ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থার রাজস্ব বাজেট প্রণয়ন ও অর্থ অবমুক্তি ;
- ❖ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অডিট সংক্রান্ত কার্যাদি ;
- ❖ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের কমন সার্ভিস;
- ❖ ফরম, স্টেশনারী, অফিস সরঞ্জামাদি, যানবাহন ইত্যাদি সংগ্রহ, রক্ষণাবেক্ষণ ও বিতরণ;
- ❖ ICIMOD-এর প্রশাসনিক/চাঁদা সংক্রান্ত কার্যাদি;
- ❖ বাজেট ব্যবস্থাপনা অনুবিভাগ/অধিশাখার যাবতীয় কার্যাদি;
- ❖ এই মন্ত্রণালয়ের ডকুমেন্টেশনের জন্য প্রয়োজনীয় বই, পুস্তিকা, প্রতিবেদন, তথ্য ইত্যাদি সংগ্রহ, সংরক্ষণ ও পর্যবেক্ষণ ;
- ❖ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

আইন শাখা

- ❖ এ মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থার আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন সংক্রান্ত কার্যাবলি ;
- ❖ তিন পার্বত্য জেলার সকল রীট পিটিশন মামলায় এ মন্ত্রণালয়ের পক্ষে সহায়তাকরণ এবং দায়েরকৃত মামলাসমূহের হালনাগাদ ডাটাবেজ সংরক্ষণ ও প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া;
- ❖ চাকমা চীফ, মং চীফ এবং বোমাং চীফ নিয়োগ সংক্রান্ত আইনগত দিক ;
- ❖ তিন পার্বত্য জেলা পরিষদ এবং অন্যান্য সংস্থার নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে আইন বিষয়ক কার্যক্রম ;
- ❖ তিন পার্বত্য জেলা পরিষদের কর্মচারীদের চাকুরির প্রবিধানমালা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে পরামর্শ ;
- ❖ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

হিসাব শাখা

- ❖ এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীর বেতন ও ভাতার বিল প্রস্তুতকরণ এবং সংশ্লিষ্ট চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ে প্রেরণ, চেক গ্রহণ ও বিতরণ;
- ❖ মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটের আওতায় সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ/ক্রয় তথা যাবতীয় আনুষংগিক খরচের বিল প্রস্তুতকরণ এবং সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ, চেক গ্রহণ ও বিতরণ;
- ❖ কর্মকর্তা/কর্মচারীদের প্রদেয় সকল প্রকার ঋণ ও অগ্রিমসহ অন্যান্য ঋণ অগ্রিমের বিল প্রস্তুতকরণ, চেক আদায়, বিতরণ এবং ইহার হিসাব সংরক্ষণ, যাচাইকরণ ও প্রত্যয়ন ;
- ❖ ক্যাশ বহি, স্থায়ী (ইমপ্রেস্ট) অগ্রিম রেজিস্টারসহ হিসাব সংক্রান্ত সকল প্রকার রেজিস্টার/সাবসিডিয়ারী রেজিস্টার দৈনন্দিন লেনদেন অনুযায়ী লিখন ও মন্ত্রণালয়ের ব্যাংক হতে হিসাব বিবরণী (Bank Statement) সংগ্রহ, ক্যাশ বহির সাথে যাচাইকরণ ও উহা হালনাগাদকরণ;
- ❖ মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটে বরাদ্দ হতে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ খরচের হিসাব মাসিক ভিত্তিতে প্রস্তুতকরণ, সমন্বয়করণ (Reconciliation) এবং সংশ্লিষ্ট দপ্তরে/অফিসে তথ্য প্রেরণ;
- ❖ মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটের আওতায় সকল প্রকার খরচ ও অগ্রিমের বার্ষিক আর্থিক হিসাব প্রস্তুতকরণ এবং সংশ্লিষ্ট দপ্তরে/অফিসে তথ্য প্রেরণ;
- ❖ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীর বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী যাচাইকরণ;
- ❖ সকল গেজেটেড কর্মকর্তাদের অর্জিত ছুটির প্রতিবেদন সংশ্লিষ্ট চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ে প্রেরণ ও প্রত্যয়ণপূর্বক আনয়ন;
- ❖ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীর বেতন-ভাতার রাজস্ব বাজেটে প্রাক্কলন ও পেনশন কেইস নিষ্পত্তিতে সহায়তাকরণ এবং সময়ে সময়ে বিভিন্ন শাখা/অধিশাখা হতে প্রাপ্ত চিঠি/ফাইল এবং আর্থিক বিষয়ে মতামত/পরামর্শ প্রদান;
- ❖ মন্ত্রণালয়ের আয়ন-ব্যয়ন কর্মকর্তা (ডিডিও) এর দায়িত্ব পালন;
- ❖ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

আইসিটি শাখা

- ❖ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট উন্নয়ন ও হালনাগাদকরণ;

- কম্পিউটার নেটওয়ার্ক স্থাপন ও রক্ষণাবেক্ষণ;
- সফটওয়্যার ডেভলপমেন্ট;
- ট্রাবল-স্যুটিং ও সিস্টেম সাপোর্ট;
- মন্ত্রণালয়ের কর্ম-ব্যবস্থাপনার আধুনিকায়ন: যেমন-কম্পিউটার নেটওয়ার্ক, ই-মেইল, ওয়েবসাইট স্থাপন ও ব্যবহারের মাধ্যমে ই-গভর্ণেন্স ব্যবস্থা প্রবর্তন ইত্যাদি;
- মন্ত্রণালয়ের ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এম.আই.এস);
- মন্ত্রণালয়ের আইসিটি সেবা সম্পর্কিত ব্যয় নির্বাহ নিশ্চিতকরণ;
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

পরিষদ অধিশাখা

- পরিষদ-১ শাখার কার্যাবলি মনিটরিং, সমন্বয় এবং কাজের গতি দ্রুততর করা;
- ৩ (তিন) পার্বত্য জেলায় ভূমি সংক্রান্ত জটিলতা বিষয়ক কার্যক্রমের সমন্বয় সাধন;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দেয় অন্যান্য কার্যাবলি এবং তদন্ত ও পরিদর্শন কার্যাবলি পরিচালনা করা।

পরিষদ-১ শাখা

- পার্বত্য জেলা পরিষদ তিনটির প্রাতিষ্ঠানিক ও প্রমাসনিক বিষয়াদি;
- পরিষদ তিনটির নিকট ন্যস্ত/হস্তান্তরিত বিষয়াদি এবং এ সকল বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে যোগাযোগ;
- তিন পার্বত্য জেলা পরিষদের নিকট ন্যস্ত হস্তান্তরিত বিভাগসমূহে শূন্য পদ পূরণ সংক্রান্ত কার্যাদি ;
- পার্বত্য জেলা পরিষদের নির্বাচন সংক্রান্ত কার্যাদি ;
- উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, গ্রাম সরকারসহ সকল স্থানীয় সরকারসমূহের কার্যাবলি সমন্বয় সাধন;
- তিনটি পার্বত্য জেলার ভূমি বিষয়ক কার্যাদি;
- বাজার ফান্ড সংক্রান্ত যাবতীয় কার্যাদি ;
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

পরিষদ-২ অধিশাখা

- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক বিষয়াদি;
- জাতীয় সংসদ বিষয়ক কার্যাদি (পাবলিক একাউন্টস কমিটি, অনুমিত হিসাব কমিটি ও সংসদ (শাখা কমিটি) সংক্রান্ত যাবতীয় কমিটিসমূহ সংক্রান্ত ;
- জাতীয় সংসদে উত্থাপিত উন্নয়ন প্রকল্প সংক্রান্ত প্রশ্নোত্তর এবং সংসীয় স্থায়ী কমিটির চাহিদা মোতাবেক উন্নয়ন বাজেটের আওতায় গৃহীত কার্যক্রমের তথ্য অত্র মন্ত্রণালয়ের উন্নয়ন শাখা থেকে সংগ্রহপূর্বক উপস্থাপন;
- মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সকল সংস্থার অডিট সংক্রান্ত কার্যাদি;
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন অনুবিভাগ

- উন্নয়ন অধিশাখা এব সমন্বয় অধিশাখার সার্বিক কর্মকান্ডের সমন্বয় সাধন এবং তদারক করা;
- পার্বত্য চট্টগ্রাম এলাকার উন্নয়নের জন্য কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ এবং বাস্তবায়ন;
- অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক উন্নয়ন কর্মসূচিতে সময়সূচী এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্থ ছাড়করণের বিষয়টি নিশ্চিত করা ;
- উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শন এবং মনিটরিং;
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী উন্নয়ন প্রকল্পসমূহের কাজের অগ্রগতি ত্বরান্বিত করা;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দেয় অন্যান্য কার্যাবলি এবং তদন্তকার্য পরিচালনা করা।

উন্নয়ন অধিশাখা

- উন্নয়ন শাখা এবং পরিকল্পনা কোষের কার্যাবলী তদারক. মনিটরিং এবং কাজের গতি দ্রুততর করা;
- পার্বত্য জেলা পরিষদসমূহ এবং উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শন, মনিটরিং এবং উন্নয়ন ক্ষেত্রে সরকারের দেয় প্রাসংগিক সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা;

- ❖ অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রদত্ত সময়সূচীর মধ্যে লক্ষ্যমাত্রার অর্থ ছাড়করণের বিষয়টি নিশ্চিতকরণ;
- ❖ যথাসময়ে প্রকল্প প্রণয়ন, অনুমোদন প্রক্রিয়াকরণ, অগ্রগতি পর্যালোচনা বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করা;
- ❖ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহ মনিটরিং ;
- ❖ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দেয় অন্যান্য কার্যাবলি এবং তদন্ত ও পরিদর্শন কার্যাবলি পরিচালনা করা।

উন্নয়ন শাখা

- ❖ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, তিনটি পার্বত্য জেলা পরিষদ এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও বিভিন্ন মন্ত্রণালয়ের অধীন উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন স্কিমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও মনিটরিং ;
- ❖ তিনটি উন্নয়ন সহায়তা বরাদ্দের অর্থ ছাড় সংক্রান্ত কার্যাদি;
- ❖ মাসিক উন্নয়ন পর্যালোচনা সভা সংক্রান্ত কার্যাদি;
- ❖ অর্থ বছর শেষে উন্নয়ন খাতে বরাদ্দকৃত অর্থের ব্যয় বিবরণী প্রস্তুত করা;
- ❖ "পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোডনং-২২১০০০৯০০)" খাতে বরাদ্দকৃত অর্থের আওতায় স্কিম গ্রহণের লক্ষ্যে স্কিম প্রস্তাব আহবান, প্রাপ্ত প্রস্তাব প্রাথমিক বাছাইকরণ ও বিদ্যমান আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থাপন পূর্বক বিভাজন আদেশ জারীকরণ সংক্রান্ত কার্যাদি;
- ❖ জাতীয় সংসদ, সংসদীয় স্থায়ী কমিটি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের চাহিদা অনুযায়ী প্রকল্প ও উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি প্রেরণ;
- ❖ চাহিদা মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন এবং অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় উন্নয়ন প্রকল্পের তথ্য প্রেরণ;
- ❖ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

পরিকল্পনা-১ শাখা

- ❖ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য জেলা পরিষদসমূহ, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণ, অর্থ অবমুক্তি এবং এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর সাথে যোগাযোগ/সমন্বয় সাধন;
- ❖ মধ্যমেয়াদি বাজেট কাঠামোতে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) প্রণয়নের জন্য পরিকল্পনা কমিশনের চাহিদা অনুযায়ী তথ্যাদি প্রেরণ;
- ❖ এ শাখার সংশ্লিষ্ট প্রকল্পের একনেক সভা ও এনইসি সভা সংক্রান্ত কার্যাদি;
- ❖ এ শাখার সংশ্লিষ্ট প্রকল্পের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধন;
- ❖ এ শাখার সংশ্লিষ্ট প্রকল্পের উন্নয়ন প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি, প্রকল্প স্টিয়ারিং কমিটি সংক্রান্ত যাবতীয় কার্যাদি;
- ❖ সরকারের ভিশন/মিশন ইত্যাদি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন;
- ❖ সরকারের এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী;
- ❖ উন্নয়ন প্রকল্প/স্কিম মনিটরিং ও তদারকি;
- ❖ "পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোডনং-২২১০০০৯০০)" এর আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী তিন পার্বত্য জেলা পরিষদের স্কিমসমূহের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদন প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম;
- ❖ এডিপি বহির্ভূত প্রকল্প সংক্রান্ত কাজ;
- ❖ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্য বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন;
- ❖ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তিন পার্বত্য জেলায় বাস্তবায়নের জন্য প্রেরিত উন্নয়ন প্রকল্প/প্রকল্প প্রস্তাবের উপর মতামত প্রদান সংক্রান্ত কার্যক্রম;
- ❖ রূপকল্প ২০৪১ ও ডেলটা প্ল্যান ২১০০ সংক্রান্ত কার্যাবলী;
- ❖ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

পরিকল্পনা-২ শাখা

- ❖ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের উন্নয়ন প্রকল্প প্রণয়ন, অনুমোদন প্রক্রিয়াকরণ, অর্থ অবমুক্তি এবং এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর সাথে যোগাযোগ/সমন্বয় সাধন;
- ❖ ইসিমোড এর উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম;
- ❖ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত প্রকল্পের কার্যক্রম;
- ❖ এ শাখার সংশ্লিষ্ট প্রকল্পের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধন;

- এ শাখার সংশ্লিষ্ট প্রকল্পের একনেক সভা সংক্রান্ত কার্যাদি;
- উন্নয়ন কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ এবং চাহিদা মোতাবেক অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক উন্নয়ন প্রকল্পের তথ্য প্রেরণ;
- এ শাখার সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি, প্রকল্প স্টিয়ারিং কমিটি সংক্রান্ত যাবতীয় কার্যাদি;
- সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনা, অর্থনৈতিক সমীক্ষা সংক্রান্ত কার্যাবলী;
- প্রধানমন্ত্রীর অগ্রাধিকার, প্রতিশ্রুতি ও বাজেট বক্তৃতার জন্য তথ্যাদি প্রেরণ সংক্রান্ত কার্যাদি;
- উন্নয়ন প্রকল্প/স্কিম মনিটরিং ও তদারকি;
- "পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোডনং-২২১০০০৯০০)" এর আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের স্কিমসমূহের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদন প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম;
- মন্ত্রণালয়ের বিভিন্ন শাখার চাহিত তথ্যাদি প্রেরণ ও সমন্বয় সাধন;
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

সমন্বয় অধিশাখা

- সমন্বয়-১ শাখার কার্যক্রম তদারক করা, সমন্বয় সাধন এবং কাজের গতি দ্রুততর করা;
- পার্বত্য শান্তি চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত কার্যাদি এবং ভূমি কমিশন সংক্রান্ত কার্যাদির সমন্বয় সাধন;
- উর্ধ্বতন কর্তৃপক্ষের দেয় অন্যান্য কার্যাবলি এবং তদন্ত ও পরিদর্শন কার্যাবলি পরিচালনা করা।

সমন্বয়-১ শাখা

- পার্বত্য চট্টগ্রাম এলাকার জন্য গঠিত কাউন্সিল কমিটি, জাতীয় কমিটি, বিশেষ কমিটি ও ওয়ার্কিং কমিটি সংক্রান্ত কার্যাদি;
- পার্বত্য চট্টগ্রাম চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কার্যাদি;
- পার্বত্য চুক্তির আওতায় গঠিত বাস্তবায়ন কমিটি ও শরণার্থী প্রত্যাবর্তন, পুনর্বাসন ও অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ সংক্রান্ত টাস্কফোর্সের যাবতীয় কার্যাদি (প্রেষণে নিয়োগ ব্যতীত);
- শরণার্থী প্রত্যাবর্তন, পুনর্বাসন ও অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন এবং আপদকালীন পরিস্থিতিসহ বিভিন্ন ত্রাণ কার্যক্রম ও পুনর্বাসন সংক্রান্ত কার্যাদি;
- পার্বত্য অঞ্চলে অধিবাসী ও উপজাতীয়দের জন্য চাকুরি ও উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে আসন সংরক্ষণ সংক্রান্ত কার্যাদি;
- ল্যান্ড কমিশন সংক্রান্ত কার্যাদি;
- পার্বত্য চট্টগ্রাম এলাকার পরিবেশ ও ভূ-প্রকৃতির বৈশিষ্ট্য অক্ষুন্ন রাখার জন্য সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন;
- জলবায়ু পরিবর্তন কোষ সংক্রান্ত কার্যাদি;
- REDD+ (Reducing Emission from Deforestation and Forest Degradation) সংক্রান্ত কার্যাদি;
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

সমন্বয়-২ শাখা

- পার্বত্য চট্টগ্রামের উপজাতীয়/অ-উপজাতীয় জনগোষ্ঠীর শিক্ষা, সংস্কৃতি, সামাজিক রীতিনীতি, ভাষা, ধর্ম, আচার-আচরণ ও স্বকীয়তা বজায় রাখার জন্য কার্যক্রম সমন্বয় সাধন;
- পার্বত্য তিনটি জেলায় এনজিও কার্যক্রম পর্যবেক্ষণ, মনিটরিং ও ছাড়পত্র প্রদান;
- পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে সংঘটিত বিভিন্ন সন্ত্রাসী কার্যকলাপ এর প্রতিরোধ ও মানবাধিকার সংক্রান্ত বিষয়াদি;
- বিভিন্ন সংস্থা হতে প্রাপ্ত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত কার্যাবলি;
- পাহাড়ী ছাত্র পরিষদ, গণপরিষদ, হিল উইমেন ফেডারেশনসহ পার্বত্য এলাকার অন্যান্য আঞ্চলিক সংগঠনসমূহের কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি;
- মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন;
- আন্ত:মন্ত্রণালয়ের সমন্বয়;
- পার্বত্য চট্টগ্রাম সংক্রান্ত বিভিন্ন প্রকাশনা, প্রচার সম্পর্কিত বিষয়াদি;

- ❖ মন্ত্রিপরিষদ বিভাগের এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ এবং এ সকল কার্যালয় হতে প্রাপ্ত নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়াদি;
- ❖ তিনটি পার্বত্য জেলার বিভিন্ন প্রয়োজনীয় তথ্য (জনসংখ্যা, আর্থ-সামাজিক-শিক্ষা প্রভৃতি) পরিসংখ্যান সংগ্রহ ও সংরক্ষণ;
- ❖ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দেয় অন্যান্য কার্যাবলি।

১.৫.খ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসমূহের জনবলের বিবরণ:

ক. ১. কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে) :

মন্ত্রণালয়/সংস্থার নাম	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্য পদ	মন্তব্য
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	৮১	৬৩	১৮	-
অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা)				
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ	৬৯	৪৭	২২	-
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	১৫১	১০৯	৪২	-
ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন বিষয়ক টাস্কফোর্স	২২	১৮	০৪	
পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি	৭৭	৫১	২৬	-
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি	৭৬	৫২	২৪	-
পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান	৭৫	৫৭	১৮	-
মোট	**৫৫১**	**৪০৭**	**১৪৪**	-

১.৬ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের বাজেট:

ক) পরিচালন বাজেট:

২০২২-২০২৩ অর্থ বছরে পরিচালন বাজেটে বরাদ্দ ছিল ৪৪০,৭৯,০৮,০০০/-- টাকা। যা নিম্নরূপভাবে বিভাজিত হয়:

(টাকায়)

ক্র:নং	মন্ত্রণালয় ও সংস্থার নাম	বাজেট বরাদ্দের পরিমাণ
১	২	৩
১	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	১৪,৩৯,৪৫,০০০/-
২	সরকারি কর্মচারিদের জন্য ঋণ	২,১৫,০০০/-
৩	পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি	৪০৪,৪১,৪৩,০০০/-
৪	সমন্বিত পার্বত্য উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক কেন্দ্র (আই সি আইএমওডি)	১,০৪,০০,০০০/-
৫	ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স	১,৬২,৫১,০০০/-
৬	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	১০,৪৩,৭৯,০০০/-
৭	পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি বাস্তবায়ন কমিটি	১,৯৭,৯৫,০০০/-
৮	পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ	৬,৮৭,৮০,০০০/-
	সর্বমোট পরিচালন বাজেট=	**৪৪০,৭৯,০৮,০০০/-**

খ) উন্নয়ন বাজেট:

২০২২-২০২৩ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের বরাদ্দ নিম্নরূপ:

(কোটি টাকায়)

ক্র.নং	প্রকল্পের নাম ও কোড	২০২২-২০২৩ অর্থবছরের মূল বরাদ্দ			২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বরাদ্দ			ক্যাটাগরির তালিকা	২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত ব্যয়যোগ্য বরাদ্দ
		জিওবি	পিএ	সর্বমোট	জিওবি	পিএ	সর্বমোট		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	গৃহায়ন ও কমিউনিটি সেক্টর								
১	২২৪৩৩৯৪০০-বান্দরবান পার্বত্য জেলার বান্দরবান পৌরসভা ও লামা পৌরসভার জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে পানি ব্যবস্থার উন্নয়নের জন্য মাষ্টার ড্রেইন নির্মাণ (জুলাই,২০২১-ডিসেম্বর,২০২৩) (প্রাক্কলিত ব্যয়-৪৮৬৯.০০ লক্ষ টাকা।)	২০০০		২০০০	২০০০		২০০০	B	১৭০০.০০
২	২২৪৩২৮৩০০-খাগড়াছড়ি জেলার বাজারসমূহ ও নিকটবর্তী এলাকার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ (জুলাই, ২০২০ - জুন, ২০২৪) প্রাক্কলিত ব্যয়-৪৮৭৮.৫৫ লক্ষ টাকা।	১৫০০		১৫০০	১৫০০		১৫০০	B	১২৭৫.০০
৩	২২৪২৮৫৭০০-পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পষিদ কমপ্লেক্স নির্মাণ (মার্চ ২০১৯ - জুন ২০২৪) (প্রাক্কলিত ব্যয়-২৭০৩১.৪৫ লক্ষ টাকা।)	৪০০০		৪০০০	১৭৩২	--	১৭৩২	B	১৪৮১.৩৭
	উপমোট	৭৫০০		৭৫০০	৫২৩২		৫২৩২		৪৪৫৬.৩৭
	কৃষি সেক্টর								
৪	২২৪৩২৮৪০০-পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ (জুলাই, ২০২০ - জুন, ২০২৫) (প্রাক্কলিত ব্যয়-৪১০৪.৯০ লক্ষ টাকা।)	৯০০		৯০০	১৪২৯		১৪২৯	B	১২১৪.৬৫
৫	২২৪৩৪৩৩০০-পার্বত্য চট্টগ্রাম এলাকার সুগারক্রপ চাষাবাদ জোরদারকরণ (জুলাই, ২০২১- জুন, ২০২৫) (প্রাক্কলিত ব্যয়-২৫৮০.৮৩ লক্ষ টাকা।)	৫০০		৫০০	৫০০		৫০০	B	৪২৫.০০

৬	২২৪৩১০৪০০-পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন (জানু ২০২০ হতে ডিসেম্বর, ২০২৪) (প্রাক্কলিত ব্যয়-৪৮৪৯.২০ লক্ষ টাকা।)	৮০০		৮০০	৮০০		৮০০	B	৬৮০.০০
৭	২২৪৩২৩৭০০-বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ (জুলাই, ২০২০- জুন, ২০২৩) (প্রাক্কলিত ব্যয়-৪৯৮০.০০ লক্ষ টাকা)	৩০০০		৩০০০	২৬৫৩		২৬৫৩	A	২৬৫৩
৮	২২৪৩২৩৮০০-পার্বত্য চট্টগ্রামের খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ (সেপ্টেম্বর, ২০২০- জুন, ২০২৩) (প্রাক্কলিত ব্যয়-৪৮৮১.৪২ লক্ষ টাকা।)	২৫৬০		২৫৬০	২৫৫৬		২৫৫৬	B	২১৭২.৬০
৯	রাংগামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ অবকাঠামো নির্মাণ (জুলাই, ২০২২- জুন, ২০২৫) (প্রাক্কলিত ব্যয়-৪৬৩৯.৭৭ লক্ষ টাকা।)	১০০	-	১০০	১৫০		১৫০	B	১২৭.৫০
	উপমোট	৭৮৬০		৭৮৬০	৮০৮৮		৮০৮৮		৭২৭২.৭৫
	বিদ্যুৎ ও জ্বালানী সেক্টর								
১০	২২৪৩২০৬০০-পার্বত্য চট্টগ্রাম এলাকার সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প (২য় পর্যায়) (জুলাই ২০২০-জুন, ২০২৩) (প্রাক্কলিত ব্যয়-২১৭৭১.০০ লক্ষ টাকা।_	৮০০০		৮০০০	১৩৯৮০		১৩৯৮০	A	১৩৯৮০
	উপমোট	৮০০০		৮০০০	১৩৯৮০		১৩৯৮০		১৩৯৮০
	স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন								
১১	২২৪০৯৫৮০০-বান্দরবান পার্বত্য জেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন-(১ম সংশোধিত) (অক্টোবর ২০১৬- জুন ২০২৩) (প্রাক্কলিত ব্যয়-৭০৭৮.০০ লক্ষ টাকা।)	৫৬৭		৫৬৭	৯৮০		৯৮০	A	৯৮০.০০
১২	২২৪২৪৬৬০০-বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলা সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ (অক্টোবর ২০১৮ - জুন ২০২৪)	১১২৯		১১২৯	১১২৯		১১২৯	A	১১২৯.০০

	প্রাক্কলিত ব্যয়-৬৪৪৫.০০ লক্ষ টাকা।								
১৩	২২৪২৮৭৬০০-বান্দরবান পার্বত্য জেলায় সাংগু নদীর উপর ২টি এবং সোনাখালী খালের উপর ১টি ব্রিজ নির্মাণ (জুলাই ২০১৯ হতে জুন ২০২৪) প্রাক্কলিত ব্যয়-৭১৫০.০০ লক্ষ টাকা।	১২০০		১২০০	১২০০		১২০০	B	১০২০
১৪	২২৪২৮৯৯০০-খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাষ্টার ড্রেইন নির্মাণ (জুলাই ২০১৯ - ডিসেম্বের ২০২৩) (প্রাক্কলিত ব্যয়-৪৮৯৪.০০ লক্ষ টাকা।)	১৫৪০		১৫৪০	১৫২৬		১৫২৬	B	১২৯৭.১০
১৫	২২৪২৩১৩০০-পার্বত্য চট্টগ্রাম এলাকার টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প (১ম সংশোধিত) (মার্চ ২০১৮ - জুন ২০২৩) (প্রাক্কলিত ব্যয়-৪৭৪৫০.০০ লক্ষ টাকা।	৮৫০০	২০১৩	১০৫১৩	৮২৪৫	২০১৩	১০২৫৮	A	১০২৫৮
১৬	২২৪১২০৪০০- স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাকটস (এসআইডি-সিএইচটি) (ফেব্রুয়ারী ২০১৭- সেপ্টেম্বর ২০২৩) প্রাক্কলিত ব্যয়-৪২৫০০.০০ লক্ষ টাকা।	১৬০০	১০০	১৭০০	১৬০০	৬০২৮	৭৬২৮	A	৭৬২৮.০০
	উপমোট	২০০৯৬	২১১৩	২২২০৯	১৪৬৮০	৮০৪১	২২৭২১		২২৩১২.১০
	মোট চলমান প্রকল্প	৩৭৮৯৬	২১১৩	৪০০০৯	৪১৯৮০	৮০৪১	৫০০২১		
	উন্নয়ন সহায়তা (থোক বরাদ্দ)								
১৭	২২১০০০৯০০-পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা	২৮০০০		২৮০০০	২৮০০০		২৮০০০	B	২৩৮০০
১৮	২২১০০১০০০-পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা	৯০০০		৯০০০	৯০০০		৯০০০	B	৭৬৫০
১৯	২২১০০১১০০-পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা	৯০০০		৯০০০	৯০০০		৯০০০	B	৭৬৫০
	উপমোট=	৪৬০০০		৪৬০০০	৪৬০০০		৪৬০০০		৩৯১০০
	অননুমোদিত প্রকল্পের থোক	--	৭২০৯	৭২০৯	০		০		
	সর্বমোট=	৮৩৮৯৬	৯৩২২	৯৩২১৮	৮৭৯৮০	৮০৪১	৯৬০২১		৮৭১২১.২২

১.৭ পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি (টি.আর ও জি.আর) খাতে ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দ ও ব্যয় :

(ক) টি,আর খাতে ২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দকৃত খাদ্যশস্য:

ক্র নং	চলমান কর্মসূচি	চাল (মে.টন)	গম (মে.টন)	মোট (মে.টন)
১।	সম্প্রীতি ও উন্নয়ন প্রকল্প	৪,০০০.০০	৮,০০০.০০	১২,০০০.০০
২।	২৫৯৯৭ জন অ-উপজাতীয় পরিবারের গুচ্ছগ্রাম কর্মসূচি	১২,০০০.০০	১৬,৩০০.০০০	২৮,৩০০.০০
৩।	জনসংহতি সমিতির তালিকাভূক্ত সদস্যদের খাদ্য পুনর্বাসন কর্মসূচি	২,৩৬০.০০	-	২,৩৬০.০০
৪।	ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী পুনর্বাসন কর্মসূচি	১৫,৫১৫.০০	-	১৫,৫১৫.০০
৫।	বিশেষ প্রকল্প কর্মসূচি	১৬,১২৫.০০	৫,৭০০.০০	২১,৮২৫.০০
	মোট	৫০,০০০.০০০	৩০,০০০.০০০	৮০,০০০.০০০

(খ) জি, আর খাতে ২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ:

ক্রমিক নং	চলমান কর্মসূচি	টাকার পরিমাণ
১	আপদকালীন পরিস্থিতি মোকাবেলা কর্মসূচি	৭,৬৫,০০,০০০.০০/-
২	ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্সের জন্য	৩৫,০০,০০০.০০/-
	মোট	৮,০০,০০,০০০.০০/-

১.৮ পার্বত্য চট্টগ্রামে সামাজিক নিরাপত্তা কর্মসূচি :

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থার নাম	ক্রমিক নং	সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরণ/নাম	পূর্ববর্তী বছর (২০২১-২০২২)		প্রতিবেদনাধীন বছর (২০২২-২০২৩)	
			সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা	আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়)	সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানেরসংখ্যা লক্ষ্যমাত্রা	আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) লক্ষ্যমাত্রা
১	২	৩	৪	৫	৬	৭
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	১	খাগড়াছড়ি ও রাংগামাটি পার্বত্য জেলায় গুচ্ছগ্রামে বসবাসরত অ-উপজাতীয় পরিবারের মধ্যে রেশন হিসেবে খাদ্যশস্য বিতরণ।	২৫৯৯৭টি পরিবার	১০৭৬৪.৪৬	২৫৯৯৭টি পরিবার	১০৭৬৪.৪৬
	২	খাগড়াছড়ি ও রাংগামাটি পার্বত্য জেলায় ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন পরিবারের মধ্যে রেশন হিসাবে খাদ্যশস্য বিতরণ।	১২২২৩টি পরিবার	৭২২০.৩৩	১২২২৩টি পরিবার	৭২২০.৩৩

	৩	খাগড়াছড়ি,রাংগামাটি ও বান্দরবান পার্বত্য জেলায় জনসংহতি সমিতির তালিকাভূক্ত সদস্যদের খাদ্য পুনর্বাসন পরিবারের মধ্যে রেশন হিসেবে খাদ্যশস্য বিতরণ।	১৯৬৬ জন	১০৯৮.২৫	১৯৬৬ জন	১০৯৮.২৫
	৪	সম্প্রীতি ও উন্নয়ন প্রকল্পে রেশন হিসেবে খাদ্যশস্য বিতরণ।	৫৬৯৪৩১জন	৪৩৮৯.৯৫	৫৬৯৪৩১ জন	৪৩৮৯.৯৫
	৫	বিশেষ প্রকল্প কর্মসূচি।	৬৬ জন প্রকল্প সংখ্যা ১৭০টি	৮৩৪৭.৫০	৬৬ জন প্রকল্প সংখ্যা ১৭০টি	৮৩৪৭.৫০
	৬	ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনবার্সন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ কর্মসূচি।	২৬২ টি পরিবার ৩১টি প্রতিষ্ঠান	৩৫.০০	২৬২ টি পরিবার ৩১টি প্রতিষ্ঠান	৩৫.০০
	৭	**আপদকালীন পরিস্থিতি মোকাবেলা কর্মসূচি।**	**১১০৯১ জন প্রতিষ্ঠান সংখ্যা ১২টি পূজা মন্ডপ ১০২টি**	**৭৬৫.০০**	**১১০৯১ জন প্রতিষ্ঠান সংখ্যা ১২টি পূজা মন্ডপ ১০২টি**	**৭৬৫.০০**

১.৯ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প/স্কিমসমূহের সংক্ষিপ্ত বিবরণ:

(১) "বান্দরবান পার্বত্য জেলার বান্দরবান পৌরসভা ও লামা পৌরসভার জলবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে পানি ব্যবস্থার উন্নয়নের জন্য মাস্টার ড্রেইন নির্মাণ" (প্রকল্পের মেয়াদ: জুলাই ২০২১ হতে ডিসেম্বর **২০২৩ পর্যন্ত):**

২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী (১.৫০×১.৫০) =৫৪২৩.১৫০ মিটার আর.সি.সি ড্রেইন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

(২)''খাগড়াছড়ি জেলার বাজারসমূহ ও নিকটবর্তী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ববস্থাকরণ'' (প্রকল্পের মেয়াদ: জুলাই ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত) :

২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৭টি পরীক্ষামূলক নলকূপ, ২৭টি উৎপাদক নলকূপ, (৩ এইচ পি)-২৭টি সাবমারসিবল পাম্প, ২৭টি পাম্প হাউজ, ২৭টি ওয়াটার ট্যাংক স্ট্যান্ড, ৭১.৪৪ কি.মি. পাইপ লাইন, ৯৫টি গভীর নলকূপ এবং ১৪টি পাবলিক টয়লেট নির্মাণ সম্পন্ন করা হয়েছে।

(৩)''পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ" (প্রকল্পের মেয়াদ: মার্চ ২০১৯ হতে জুন ২০২৪ পর্যন্ত)

২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের জমি অধিগ্রহণ এর কার্যক্রম সম্পাদন করা হয়েছে এবং প্রকল্পের ৩টি সাইটের মধ্যে ১টি সাইটের বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ শেষ এবং উক্ত স্থানে চেয়ারম্যানের বাংলো তৈরির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও অপর ২টি সাইটের কার্যক্রম শুরুর লক্ষ্যে টেন্ডার আহবান করা হয়েছে।

(৪) ''পার্বত্য চট্টগ্রাম এর খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ'' (প্রকল্পের মেয়াদ: সেপ্টেম্বর ২০২০ **হতে জুন** ২০২৩ **পর্যন্ত)**

২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৭৫০০.০০ মিটার ড্রেইন নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে।

(৫)'' বান্দরবান পার্বত্য জেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)'' (প্রকল্পের মেয়াদ: অক্টোবর ২০১৬ হতে জুন ২০২৩ পর্যন্ত)

২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০৯৮৬.৬৪ ঘ:মি: মাটি কাটা; ৬৩৩.৭৫ ঘ:মি: মাটি ফিলিং; ৭.৫৯ কি:মি: এইচ.বি.বি সড়ক; ৪.৬৫ মিটার সেতু; ৪৯.৪৪ মিটার কালভার্ট; ৭৫০৯.২৬ মিটার ড্রেইন; ১৫৯.৭৬ মিটার আর.সি.সি রিটেইনিং ওয়াল এবং ১৮১.২২ মিটার ব্রিক রিটেইনিং ওয়াল নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে।

(৬) ''পার্বত্য চট্টগ্রাম এলাকার টেকসই সামাজিক সেবা প্রদান (১ম সংশোধিত)" (প্রকল্পের মেয়াদ: মার্চ ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত)

২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪৮০ জন মাঠ সংগঠক ও ৪৮০০ জন নিয়মিত ও বিকল্প পাড়াকর্মীর সম্মানী ভাতা প্রদান করা হয়েছে। ১২০০ জন শিক্ষার্থীর খাদ্য সরবরাহ, পোষাক, শিক্ষা সামগ্রী, শয়ন সামগ্রী, কারিগরী শাখার সরঞ্জামাদি, ৪ টি আবাসিক বিদ্যালয়ের মেরামত ও সংস্কার, সরবরাহ-সেবা ও বিবিধ ব্যয় এবং ১৫০ জন শিক্ষক-কর্মচারীদের জুন, ২০২৩ খ্রি: বেতন ভাতা ও প্রকল্প সমাপ্তিতে এককালীন আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। ৯৩,১২৪ জন কিশোরী, দুগ্ধদানকারী ও গর্ভবতী নারীকে প্রতিরোধমূলক স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক বার্তা, টিকা গ্রহণে সহায়তা ও রেফারেল সেবা প্রদান। ১০টি আপগ্রেডেড পাড়াকেন্দ্রে ৪৫৬ জন নবজাতক, শিশু, কিশোরী, গর্ভবতী ও প্রসূতির স্বাস্থ্য পরীক্ষা প্রাথমিক স্বাস্থ্য ও রেফারেল সেবা প্রদান করা হয়েছে। পাড়াকেন্দ্রে ৪২৭ জন কিশোরী লিডার ও সুপারভাইজারকে পুষ্টি উন্নয়ন বিষয়ে ওরয়িন্টেশেন প্রদান; কৈশোরকালীন পুষ্টি বিষয়ে তিনটি জেলায় তিনটি পর্যালোচনা ও পরিকল্পনা সভা; ৯০০টি কৈশোরকালীন পুষ্টি নির্দেশিকা ও ৯০০টি IFA সাপ্লিমেন্টেশন রিপোর্টিং রেজিষ্টার প্রতিবেদন মুদ্রণ, দুর্গম এলাকার ২২টি ইউনিয়নে ২০,২৪৩ জন শিশুকে জিএমপি কার্ড সরবরাহ ও ভিটামিন এ সাপ্লিমেন্টেশনে সহায়তা প্রদান। ২৫৯ জন মাঠ সংগঠক ও কর্মকর্তাকে গ্রোথ মনিটরিং ও প্রমোশন সংক্রান্ত ওরিয়েন্টেশন প্রদান। ৯৩,১২৪ জন কিশোরী, দুগ্ধদানকারী ও গর্ভবতী নারীকে আয়রন বড়ি (আইএফএ) সাপ্লিমেন্টেশন ও ১৬,৩৫২ জন প্রসূতিকে পোস্টন্যাটাল ভিটামিন এ সাপ্লিমেন্টেশন করা হয়েছে। ৫৩,৭৮৪ জন পাড়াকেন্দ্রের ছাত্র ছাত্রী ও ১,৬০,০০০ ক্লাবের সদস্যবৃন্দকে ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা অনুশীলনে বার্তা ও সহায়তা প্রদান। উঠান বৈঠকের মাধ্যমে নিরাপদ পানি, স্বাস্থ্যসম্মত পয়ঃব্যবস্থা, পরচ্ছিন্নতা ও পরিবেশসম্মত র্বজ্য ব্যবস্থাপনা বিষয়ে ধারণা প্রদান করা হয়েছে। ৫৩,৭৮৪ জন শিশুকে প্রাথমিক শিক্ষা প্রদান; ৫৫,০০০ শিশুর প্রারম্ভিক শিখন সংক্রান্ত মূল্যায়ন কার্ড মুদ্রণ; পাড়াকর্মী সহায়িকা ডিজিটালকরণ সংক্রান্ত ১টি কর্মশালানুষ্ঠান, শিক্ষায় ঝরে পড়া রোধ বিষয়ে ৬,৫৩২ জন কিশোর কিশোরী, অভিভাবক ও শিক্ষকদের অংশগ্রহণে ৩০টি মাপেট শো; ৫,৬৭৫ জন কম্যুনিটি সদস্যদের অংশগ্রহণে ১৪০টি সংলাপ অনুষ্ঠান এবং ৮৫২টি ফেষ্টুন প্রদর্শন করা হয়েছে। ১,৬০,০০০ জন কিশোর কিশোরীকে সাপ্তাহিক সেশনের মাধ্যমে জীবনদক্ষতা উন্নয়নমূলক ওরিয়েন্টেশন প্রদান। মাসিক উঠান বৈঠকের মাধ্যমে ২,৪২,০০০ পরিবারকে শিশু অধিকার শিশুর জন্ম জন্মনিবন্ধনের গুরুত্ব এবং শিশু বিবাহ, শিশু নির্যাতন ও শিশু শ্রম প্রতিরোধ বিষয়ে সচেতনতা সৃষ্টি করা হয়েছে। ধর্মীয় গুরুদের অংশগ্রহণে সামাজিক আচরণ পরিদর্শন বিষয়ক ১টি কর্মশালা বাস্তবায়ন; ১টি কিশোর-কিশোরী অভিভাবকদের নিয়ে সম্মেলন, ৩১টি IP শো প্রর্দশন, ৪৬ টি সচেতনতামূলক বিল বোর্ড স্থাপন করা হয়েছে। কার্যক্রম বাস্তবায়নের জন্য ৫০০ পাড়ার্কমী ও মাঠ সংগঠককে মৌলিক প্রশিক্ষণ, ৪৪০ জন পাড়াকর্মী ও মাঠ সংগঠককে এমআইএস পরিচালনা সংক্রান্ত এবং ২৫ জন কর্মকর্তাকে ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২৬ টি উপজেলায় ১২২ টি ইউনিয়নে UnCC, ২৬ উপজেলায় UzCC ও ৩ জেলায় DCC সভা বাস্তবায়ন করা হয়েছে। ২১৫ জন কর্মকর্তা-কর্মচারীর বেতন ভাতা ও প্রকল্প সমাপ্তিতে এককালীন আর্থিক সহায়তা প্রদান, বিদ্যুৎ বিল, টেলিফোন বিল, পানির বিল ও ১৫১ টি কার্যালয়ের মণিহারী, জ্বালানি, অফিস ভাড়া ও অন্যান্য আনুসাঙ্গিক ব্যয় করা হয়েছে।

(৭) ''পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজু বাদাম চাষের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ'' (জুলাই ২০২০ হতে জুন ২০২৫ পর্যন্ত):

২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩৯৩টি কফি ও ২৮৭টি কাজুবাদাম বাগান সৃজন করা হয়েছে। উপকারভোগীদের মাঝে কফি চারা, কাজুবাদাম চারা, সবজির জন্য ৬৮০টি বাগানে মাচা তৈরী, ৬৮০টি বাগানে ঘেরাবেড়া, ৬৮০টি বাগানে সার, ৬৮০টি বাগানে কীটনাশক ও বালাইনাশক, ৩০টি পাওয়ার পাম্প, ৬৮০টি ন্যাপসেক স্প্রেয়ার, ৬৮০টি সিকেচার, ১১৩টি ফুট স্প্রে মেশিন ও ৬৮০টি বাগানের আন্তঃপরিচর্যার উপকরণসমূহ বিতরণ করা হয় এবং ০২টি ড্রিপ ইরিগেশন স্থাপন করা হয়েছে।

(৮) "স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলেপমেন্ট ইন সিএইচটি" (প্রকল্পের মেয়াদ: ফেব্রুয়ারি ২০১৭ হতে সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত):

২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ৯০০টি স্কুলের শিক্ষককে জেন্ডার-প্রতিক্রিয়াশীল শিক্ষা উপকরণে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২৯৬ জন নির্বাচিত শিক্ষককে শিক্ষার্থীদের জীবন দক্ষতা কাউন্সেলিংয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২২২ জন অংশগ্রহণকারীকে উপজেলা পর্যায়ে শিক্ষকদের সাথে স্কুলে লিঙ্গ-ভিত্তিক বৈষম্যমূলক অভ্যাস দূর করার বিষয়ে সচেতনতা বৃদ্ধির প্রশিক্ষণে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২৭৯৮ জন অংশগ্রহণকারী আন্তর্জাতিক নারী দিবসে যোগদান করেছে। শিক্ষার্থীদের মাঝে ২১টি পরিবেশ বান্ধব ইকো বোট বিতরণ করা হয়। স্কুল ব্যবস্থাপনার সাথে পরামর্শ করে মেয়েদের জন্য ২৬১টি নিরাপদ স্থান নির্মাণ করা হয়েছে। ৪১৩ জন মেয়েকে বৃত্তিমূলক এবং প্রযুক্তিগত দক্ষতার উপর দক্ষতা উন্নয়ন কোর্স/TVET-এ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। প্রকল্পটি ৩২৯ হেক্টর ভিসিএফ এবং ১২০২৯ হেক্টর জৈবিকভাবে গুরুত্বপূর্ণ সংরক্ষিত বনাঞ্চলকে উন্নত প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনার আওতায় এনেছে। CHTWCA ৫৫১ জন VCF জনগোষ্ঠীকে (২৩১ জন মহিলা) জলবায়ু পরিবর্তনের অভিযোজনে প্রশিক্ষণ দিয়েছে। প্রকল্পটি ২৫৩০ জন বন-নির্ভর লোককে (মহিলা ১২০৫) NRM এবং জীববৈচিত্র্য সংরক্ষণ

অনুশীলনের বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমে নিযুক্ত করেছে। CHTWCA GBV পরিষেবা প্রদানের জন্য ৩১৭ জনের (১৯৫ মহিলা) কাছে পৌঁছেছে। প্রকল্পটি ৬৭টি নতুন গোষ্ঠী গঠনকে সমর্থন করেছে যা দ্বন্দ্ব বা সংঘাতের চালকদের সমাধানের জন্য নিবেদিত।

(৯) ''রাঙ্গামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ অবকাঠামো নির্মাণ" (প্রকল্পের মেয়াদ: জুলাই ২০২২ হতে জুন **২০২৫ পর্যন্ত)**
২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০০ মিটার আরিসিসি সেচ ড্রেইন নির্মাণ।

(১০) **''পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানের স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ (২য় পর্যায়)'' (প্রকল্পের মেয়াদ: জুলাই ২০২০ হতে** জুন **২০২৩ পর্যন্ত)**
২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৪,৪০০সেট সোলার হোম সিস্টেম বিতরণ ও স্থাপন এবং ২,৫০০ সেট সোলার কমিউনিটি সিস্টেম বিতরণ ও স্থাপন করা হয়েছে। মোট উপকারভোগী ২৬,৯০০জন। তাদের প্রত্যেককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(১১) **"বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ" (প্রকল্পের মেয়াদ**: অক্টোবর **২০১৮ হতে** জুন **২০২৪ পর্যন্ত)**
২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬৬৯৯৬.৯২ ঘ:মি: মাটির কাজ; ৩.২৫ কি:মি:ফ্লেক্সিবল পেভমেন্ট; ১.৫০ কি:মি: ফ্লেক্সিবল পেভমেন্ট (ম্যাকাডম); রিজিড পেভমেন্ট=১৭৯.৯০ মিটার; ২১.৯৪ মিটার কালভার্ট; ৭৭৭৪.৬১ মিটার ড্রেইন; ১৬৮.৫০ মিটার আর.সি.সি রিটেইনিং ওয়াল; ৭০৪.০৪ মিটার ব্রীক রিটেইনিং ওয়াল; ১০০টি সৌর বিদ্যুৎ প্যানেল(স্ট্রিট লাইট); ২৪.৬২ মিটার আর.সি.সি থ্রো স্লাব ডিজাইন; ৩৫.০০ মিটার আর.সি.সি গার্ডার ব্রীজ; ১২০.০০ মিটার আর.সি.সি আউটলেট ড্রেইন; ৭৯৫৩.২৬ বর্গমিটার জিও টেক্সটাইল ও জিও ব্যাগ স্থাপন করা হয়েছে।

(১২) **"বান্দরবান পার্বত্য জেলায় সাংগু নদীর উপর ২টি এবং সোনাখালী খালের উপর ১টি ব্রীজ নির্মাণ" (প্রকল্পের মেয়াদ: জুলাই ২০১৯ হতে** জুন **২০২৪ পর্যন্ত)**
২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬৫.০০ মিটার পিসি গার্ডার ব্রীজ; ১২.০০ মিটার আর.সি.সি গার্ডার ব্রীজ; ০.৮০ কি.মি.ব্রীক পেভমেন্ট; ৭.৫০ মিটার কালভার্ট; ৩৮৫.০০ মিটার ড্রেইন (এল/ইউ/ক্রস); ৪১.০০ মিটার আর.সি.সি রিটেইনিং ওয়াল; ১২৫.০০ মিটার ব্রীক রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে।

(১৩) **"বান্দরবান জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ" (প্রকল্পের মেয়াদ**: জুলাই **২০২০ হতে** জুন **২০২৩ পর্যন্ত)**
২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৯০৭১.৪৩ মিটার সেচ ড্রেইন; ১৯০.০০ মিটার বাধঁ; ৪৩০.৬০ বর্গমিটার পাম্প হাউস; ১৫টি পাওয়ার টিলার (১২HP); ০৫টি কম্বাইন হারবেস্টর (৮৮HP); ১২টি ৪-সিলিন্ডার ইঞ্জিন-(৫০HP); ২৭টি সিঙ্গেল সিলিন্ডার ইঞ্জিন (২৫HP)।

(১৪) **"খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণরে লক্ষ্যে মাষ্টার ড্রেইন নির্মাণ" (প্রকল্পের মেয়াদ**: জুলাই **২০১৯ হতে** ডিসেম্বর **২০২৩ পর্যন্ত)**।
২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৪৮৬.০৩ মিটার দীর্ঘ মাস্টার ড্রেইন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।

(১৫) "পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদার করণ " (প্রকল্পের মেয়াদ: জুলাই **২০২১ হতে** জুন **২০২৫ পর্যন্ত)**।
২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩৯০টি ইক্ষু ও সাথী ফসলের প্রর্দশনী প্লট স্থাপন; ৭৮০ জন কৃষক ইক্ষু ও সাথী ফসল চাষের উপর প্রশিক্ষণ; ৫৪০ জন কৃষক উন্নত পদ্ধতিতে আখের গুড় উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ; ১৩টি কৃষক মাঠ দিবস আয়োজন; এবং ৩ টি কর্মশালা/সেমিনার আয়োজন করা হয়েছে।

(১৬) "পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন" (প্রকল্পের মেয়াদ: জানুয়ারি **২০২০ হতে** ডিসেম্বর **২০২৪ পর্যন্ত)**।
২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ৬৯০ টি (ছয়শত নব্বই) বিভিন্ন জাতের তুলা প্রদর্শনী; কেচোঁ সার/ভার্মি কম্পোষ্ট প্রদর্শনী; ৯০ (নব্বই) টিএবং কম্পোষ্ট/কুইক কম্পোষ্ট প্রদর্শনী ৯০ (নব্বই) টি স্থাপন করা হয়েছে ।

(১৭) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম:
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তার আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে তিন পার্বত্য জেলায় ৭.০০কি.মি রাস্তা; ২১.১০ কি.মি রাস্তা; ৬০.০০ মিটার ব্রীজ; ১৩৫.০০ মিটার কালর্ভাট; ২৮২০.০০ মিটার ড্রেইন; ৫২.৫০ মিটার আর.সি.সি ওয়াল; ১৫০.০০ মিটার ব্রীক ওয়াল; ১৫০০.০০ ব:মি: বিশ্ববিদ্যালয় ভবন; ৫০.০০ মিটার সেতু; ১৬০০.০০বর্গমিটার সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান; এবং ৪১০.০০ বর্গমিটার ছাত্রাবাস নির্মাণ করা হয়েছে।

(১৮) পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি কর্তৃক বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম:

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা ও পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা এর আওতায় বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম:

২০২২-২০২৩ অর্থবছরে শিক্ষা ব্যবস্থা উন্নয়নে ১৬টি ভবন নির্মাণ এবং ২৬৫০ ব.মি. ভবন সংস্কার; ৪২ টি শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র সরবরাহ এবং ৬টি আবাসিক বিদ্যালয়/শিশু সদনে ছাত্র-ছাত্রীর খাবার খরচ; ৮০০ জন ছাত্র-ছাত্রীকে শিক্ষা বৃত্তি; ৯০ টি শিক্ষা প্রতিষ্টানে ক্রীড়া ও সাংস্কৃতিক সামগ্রী সরবরাহ; ২৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রদান ও ১৬৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ প্রদান ও মাতৃভাষা শিক্ষা কার্যক্রম গ্রহন করা হয়েছে। অবকাঠামো উন্নয়নে ১৪৭০ ব.মি. ভবন মেরামত/নির্মাণ; যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ২৬ কি.মি. রাস্তা নির্মাণ ও ৮০০ মি. ব্রীজ/কালভার্ট নির্মাণ; কৃষি ব্যবস্থার উন্নয়নে ৬১০ মি. সেচ ড্রেন; ২০০ মি. কৃষি ও বাঁধ নির্মাণ; ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান উন্নয়নে ১৬৫ টি ধর্মীয়/সামাজিক প্রতিষ্ঠান নির্মাণ/সংস্কার; দারিদ্রমুক্তি ও নারী উন্নয়নে ১৬৫ জন বেকার মহিলাদের সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন বিতরণ; ১৮৫ জন বেকার নারী পুরুষ যুবকদের স্বাবলম্বী করার লক্ষ্যে অনুদান প্রদান; ২০০ জন প্রতিবন্ধি ছাত্র-ছাত্রীদের অনুদান প্রাদান; ১৬টি সংরক্ষিত ভিলেজ কমন ফরেস্ট স্থাপন; পানি সরবরাহ ও স্যানটিশেন ব্যবস্থার উন্নয়নে ৭টি এলাকায় পানীয় জল সরবরাহ ব্যবস্থা করা হয়েছে।

(১৯) পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান কর্তৃক বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম:

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা ও পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা এর আওতায় বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম:

১	যোগাযোগ	বান্দরবান গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ -১ (৬১.০০ কিঃমিঃ)	২০০০	২০২৩	১৭০০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
২	যোগাযোগ	বাঘমারা হতে বটথলী পাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ (৮.০০ কিঃমিঃ)।	২০১৩	২০২৩	৬৫০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
৩	যোগাযোগ	রোয়াংছড়ি উপজেলার খামতাং পাড়া হতে পাইক্ষ্যং পাড়া হয়ে রুমা রোনিন পাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ(১০.৫০ কিঃমিঃ)	২০১৪	২০২৩	৭৮০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
৪	যোগাযোগ	রোয়াংছড়ি উপজেলার নোয়াপতং ইউনিয়নের বাঘমারা পূর্ব পাড়া হতে ম্রখ্যং পাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ (৪.০০ কিঃমিঃ)।	২০১৭	২০২৩	৩০০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
৫	যোগাযোগ	বান্দরবান সদর উপজেলার কানাপাড়া রাস্তার শেষ অংশ থেকে ভাঙ্গামুড়া পাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ (১.০০কি:মি)।	২০১৯	২০২৩	৪৫০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
৬	যোগাযোগ	বান্দরবান সদর উপজেলার রাজবিলা এলাকার ব্রীজ নির্মাণ।	২০২০	২০২৩	৩০০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
৭	যোগাযোগ	বান্দরবান সদর উপজেলার টানেলের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ।	২০২০	২০২৩	৬০০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।

৮	যোগাযোগ	রোয়াংছড়ি উপজেলার আলেক্ষ্যং পাড়া পর্যন্ত রাস্তা ও ব্রীজ নির্মাণ।	২০২০	২০২৩	২৫০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
৯	যোগাযোগ	থানচি উপজেলার ১নং রেমাক্রী ইউনিয়নের দলিয়ান পাড়া হতে নাফাকুম ঝর্ণা হয়ে রেমাক্রী বাজার পর্যন্ত রাস্তা নির্মাণ(৯.০০ কিঃমিঃ)।	২০২০	২০২৩	১২০০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
১০	যোগাযোগ	লামা উপজেলার আজিজ নগর ইউনিয়ন ইসলামিয়া মিশন থেকে (মুসলিম পাড়া হয়ে) চৌধুরী হর্টিকালচারেল এষ্টেট পর্যন্ত রাস্তার অসমাপ্ত কাজ সমাপ্তকরণ (৫.০০ কি:মি:) ।	২০২০	২০২৩	৪০০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
১১	যোগাযোগ	লামা উপজেলার কুমারী-লামা-আলীকদম সড়ক হইতে বিছন্যার ছড়া গ্রাম পর্যন্ত ব্রিকসলিং করণ (৩.০০ কিঃমিঃ)।	২০২০	২০২৩	৩০০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
১২	যোগাযোগ	বান্দরবান সদর উপজেলার সুয়ালক-লামা সড়কের টংকাবতী ইউনিয়ন পরিষদ হতে ফুলতলী বাজার হয়ে চিনিপাড়া বাজার পর্যন্ত রাস্তা ও ব্রীজ নির্মাণ	২০১৭	২০২৩	১০০০.০০	রাস্তাটি নির্মাণের ফলে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজতর হয়েছে। তাছাড়া স্থানীয় উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ঘটেছে।
১৩	ক্রীড়া ও সংস্কৃতি	নাইক্ষ্যংছড়ি উপজেলার স্টেডিয়ামের গ্যালারীর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ।	২০২১	২০২৩	১৫০.০০	স্টেডিয়ামের গ্যালারী নির্মাণের ফলে রাস্ট্রীয় বিভিন্ন অনুষ্ঠান ও খেলাধুলার সময় দর্শক সরাসরি উপভোগ করতে সুবিধা বৃদ্ধি পাচ্ছে।
১৪	শিক্ষা	বান্দরবান বিশ্ববিদ্যালয় ভবন সম্প্রসারণ।	২০২০	২০২৩	৫০০.০০	বান্দরবান বিশ্ববিদ্যালয়ের ভবনটি সম্প্রসারণ হওয়ায় দুর্গম পাহাড়ী এলাকাসহ দেশের বিভিন্ন স্থানের ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষা গ্রহণে সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে
১৫	শিক্ষা	বান্দরবান সদর উপজেলার পুলিশ লাইন স্কুলের ভবন সম্প্রসারণ।	২০২০	২০২৩	২৫০.০০	প্রকল্পটি গ্রহণের ফলে দুর্গম পাহাড়ী এলাকার ক্ষুদ্র-নৃ-গোষ্ঠির শিক্ষার হার বৃদ্ধি পেয়েছে। অত্র প্রতিষ্ঠানের ভবনটি সম্প্রসারণ হওয়ায় দুর-দুরান্ত থেকে আগত ছাত্র-ছাত্রীরা খুব সহজে শিক্ষা গ্রহণের সুযোগ বৃদ্ধি পাচ্ছে।

১৬	ভৌত অবকাঠামো ও পানীয় জল	বান্দরবান সদর উপজেলায় রোয়াংছড়ি বাস টার্মিনাল ভবন নির্মাণ।	২০২০	২০২৩	১৫০.০০	প্রকল্পটি গ্রহণের ফলে সুশৃঙ্খলভাবে গাড়ী পার্কিং সুবিধা সৃষ্টিসহ যানজট মুক্ত হয়েছে।
		মোট=			৮৯৮০.০০	

৩.১৫ খাগড়াছড়ি পার্বত্য জেলা পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০১১০০) এর আওতায় বাস্তবায়িত স্কিমের সংক্ষিপ্ত বিবরণ:

ক্র: নং	খাতসমূহ	গৃহীত প্রকল্প/স্কিমের সংখ্যা		মোট গৃহীত প্রকল্প/ স্কিমের সংখ্যা	সমাপ্তকৃত প্রকল্প/স্কিমের সংখ্যা		মোট সমাপ্তকৃত প্রকল্প/স্কিমের সংখ্যা	২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ		২০২২-২৩ অর্থ বছরের মোট ব্যয়	বাস্তবায়ন অগ্রগতি	
		চলমান	নতুন		চলমান	নতুন		মূল	সংশোধিত		আর্থিক	ভৌত
০১	কৃষি	৫টি	৩টি	৮টি	০১টি	-	০১টি	৪৮.৫০	২৮.৫০	২৮.৫০	১০০%	১০০%
০২	যোগাযোগ	৬৮টি	৩২টি	১০০টি	১৩টি	-	১৩টি	৭৯৯.৫৬	৭৩৬.৭০	৭৩৬.৭০	১০০%	১০০%
০৩	শিক্ষা	২৩টি	৭টি	৩০টি	৩টি	-	৩টি	২৫৪.৬৫	২৩৫.৩৯	২৩৫.৩৯	১০০%	১০০%
০৪	সমাজ কল্যাণ	৬৮টি	৩৭টি	১০৫টি	৭টি	-	৭টি	৭৮৯.৯১	৬৩২.৩৩	৬৩২.৩৩	১০০%	১০০%
০৫	ভৌত অবকাঠামো	৪৪টি	১১টি	৫৫টি	১টি	-	১টি	৭৫৭.৩৮	৬১৯.৫৮	৬১৯.৫৮	১০০%	১০০%
	মোট=	২০৮টি	৯০টি	২৯৮টি	২৫টি		২৫টি	২৬৫০.০০	২২৫২.৫০	২২৫২.৫০		

৩.১৬ খাগড়াছড়ি পার্বত্য জেলা পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০১১০০) এর আওতায় সমাপ্ত স্কিমের তালিকা:

ক্রম	খাতসমূহ	সমাপ্তকৃত প্রকল্প/স্কিমের নাম	প্রকল্প/স্কিম		প্রকল্প/ স্কিমের মোট ব্যয়	মোট বরাদ্দ	প্রকল্প/স্কিমসমূহ বাস্তবায়নের ফলে যেসব সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার বর্ণনা
			শুরু	শেষ			
১.	কৃষি, সেচ ও পানীয় জল ব্যবস্থাপনা	রামগড় উপজেলায় রামগড় মাস্টার পাড়া ত্রিরত্ন বৌদ্ধ বিহারের পার্শ্বে ডীপ টিউবওয়েল স্থাপন।	২০২০	২০২৩	৫.০০	৪.৫০	পানীয় জলের সুবিধা বৃদ্ধি পেয়েছে।
২.	যোগাযোগ	খাগড়াছড়ি সদর উপজেলাধীন কৈবল্যপীঠ মন্দির মেইন রোড থেকে নবগ্রহ মন্দির পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০২০	২০২৩	৩০.০০	২৬.৩৪	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
৩.	যোগাযোগ	খাগড়াছড়ি সদর উপজেলাধীন গঞ্জপাড়া চেঙ্গীনদীর পাড়ে জানমিয়ার বাড়ি থেকে সেকান্দার মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০২০	২০২৩	২৫.৭৬	২৫.৭৬	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।

৪.	যোগাযোগ	দীঘিনালা উপজেলাধীন ১নং মেরুন্নং ইউনিয়নের ৭নং ওয়ার্ডের হাজাছড়া নুর মোহাম্মদ বাড়ী হতে হাজাধন মুনিপাড়া সরকারী প্রাইমারী স্কুল পর্যন্ত মাটিকাটাসহ এইচবিবিকরণ।	২০১৭	২০২৩	৪১.৭৯	৪১.৭৯	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
৫.	যোগাযোগ	দীঘিনালা নৌকাছড়া মাষ্টার পাড়া সুতিপদ ভাবনা পাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০২০	২০২৩	৩৪.৩৪	৩৪.৩২	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
৬.	যোগাযোগ	মহালছড়ি উপজেলাধীন মাইসছড়ি সওজ রাস্তা হতে বলরাম পাড়া রাস্তার মাথা হইয়া মানিকছড়ি বেইলী ব্রীজ পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০২০	২০২৩	২০.০০	১৮.০০	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
৭.	যোগাযোগ	মাটিরাংগা উপজেলাধীন তবলছড়ি ইউনিয়নের দেওয়ানপাড়া আম্রকানন বৌদ্ধ বিহার হতে বিজিবি ক্যাম্প সলিং রাস্তা পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ।	২০২১	২০২৩	২৭.২০	২৭.২০	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
৮.	যোগাযোগ	মাটিরাঙ্গা উপজেলাধীন মাটিরাঙ্গা থানার রামশিরা ইউনিয়নের বড়নাল বিওপি পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০২১	২০২৩	২৫.০০	২৫.০০	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
৯.	যোগাযোগ	মাটিরাংগা উপজেলাধীন গুমতি ইউনিয়নে খলিলের দোকান হতে আয়াত আলী পাড়া হয়ে মান্নানের সেগুন বাগান হয়ে মালু মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০২০	২০২৩	২৮.১৫	২৫.৬৫	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
১০.	যোগাযোগ	গুইমারা উপজেলাধীন সিন্দুকছড়ি সুকান্ত মহাজন পাড়া হতে নতুন পাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা নির্মান।	২০২০	২০২৩	২৫.০০	২২.৫০	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
১১.	যোগাযোগ	রামগড় উপজেলাধীন কৈলাশ পাড়া হতে ত্রিপুরা পাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০২১	২০২৩	৩০.৯১	৩০.৯১	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
১২.	যোগাযোগ	রামগড় উপজেলাধীন রামগড় টু পিলাক নদী যাওয়ার রাস্তা হতে জয়নাল মুন্সী বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০২১	২০২৩	২৫.০০	২৩.৭৫	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
১৩.	যোগাযোগ	রামগড় উপজেলা ঢাকাইয়া কলোনী মসজিদ হইতে নাকাপাছড়া পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০২০	২০২৩	৩১.০২	২৮.০২	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
১৪.	যোগাযোগ	পানছড়ি উপজেলাধীন পানছড়ি সদর হাসপাতালের পার্শ্ববর্তী রাস্তা হতে সনটিলা মেহের চাঁন প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০২১	২০২৩	২০.৫৯	২০.৫৯	যাতায়াত সুবিধা বৃদ্ধি পেয়েছে।
১৫.	শিক্ষা	দীঘিনালা কামুক্যাছড়া উচ্চ বিদ্যালয় উর্ধ্বমুখী সম্প্রসারণ।	২০২০	২০২৩	২২.৭৯	২২.৭৯	শিক্ষার সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে।
১৬.	শিক্ষা	মহালছড়ি উপজেলার মাইসছড়ি বুলি পাড়া প্রজ্ঞাবংশ শিশুসদনের ছাত্রাবাস নির্মাণ।	২০২০	২০২৩	২৫.০০	২২.৫০	শিক্ষার সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে।
১৭.	শিক্ষা	মহালছড়ি উপজেলাধীন ক্যায়াংঘাট	২০২০	২০২৩	২৫.৭০	২৩.১৯	শিক্ষার সুযোগ সুবিধা

		জুনিয়র হাইস্কুলের ভবন নির্মাণ।						বৃদ্ধি পেয়েছে।
১৮.	সামাজ কল্যাণ	খাগড়াছড়ি ভাইবোনছড়ায় জনমঙ্গল বৌদ্ধ বিহারে ভিক্ষু নিবাস নির্মাণ।	২০২০	২০২৩	২৫.০০	২৫.০০	ধর্মীয় সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে।
১৯.	সমাজ কল্যাণ	খাগড়াছড়ি সদরে মহাজন পাড়ায় শশ্মানের রাস্তা ও দেশনামঞ্চ নির্মাণ।	২০২০	২০২৩	২৫.০০	২২.৫০	সামাজিক সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে।
২০.	সমাজ কল্যাণ	খাগড়াছড়ি সদরে ঠাকুরছড়া রাধাকৃষ্ণ মন্দিরের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ।	২০২০	২০২৩	২০.৬১	২০.৬১	ধর্মীয় সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে।
২১.	সমাজ কল্যাণ	খাগড়াছড়ি সদরে খাগড়াপুর গ্রামের হাদুকপাড়া এলাকার সামপারি চ্যারিটি হোমের ছাত্রী নিবাস উর্দ্ধমুখী সম্প্রসারণ।	২০২০	২০২৩	২০.০০	১৯.৫০	আবাসন সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে।
২২.	সমাজ কল্যাণ	দীঘিনালা উপজেলাধীন খামার পাড়ায় চিত্তবিমুক্তি ভাবনা কুটির ভবন নির্মাণ।	২০২০	২০২৩	৩১.১৮	৩১.০৮	ধর্মীয় সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে।
২৩.	সমাজ কল্যাণ	মাটিরাংগা পৌর এলাকার ১নং ওয়ার্ডে শতবর্ষ বটতলায় জামে মসজিদ নির্মাণ।	২০২০	২০২৩	২০.৬১	২০.৬১	ধর্মীয় সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে।
২৪.	সমাজ কল্যাণ	রামগড় উপজেলাধীন ত্রিপুরা যুব কল্যাণ সমিতি ভবন নির্মাণ।	২০২১	২০২৩	২৭.২০	২৭.২০	সামাজিক সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে।
২৫.	ভৌত অবকাঠামো	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের খাগড়াছড়ি ইউনিট অফিসের আবাসিক এলাকার উত্তর পূর্বাংশে সীমানা প্রাচীর নির্মাণ।	২০২০	২০২৩	৬০.০০	৫৪.০০	নিরাপত্তার সুযোগ সুবিধা বৃদ্ধি পেয়েছে।

৩.১৭ খাগড়াছড়ি পার্বত্য জেলা পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৯০০) এর আওতায় বাস্তবায়িত স্কিমের সংক্ষিপ্ত বিবরণ:

ক্র: নং	**খাতসমূহ**	**গৃহীত প্রকল্প/স্কিমের সংখ্যা**		**মোট গৃহীত প্রকল্প/স্কিমের সংখ্যা**	**সমাপ্তকৃত প্রকল্প/স্কিমের সংখ্যা**		**মোট সমাপ্তকৃত প্রকল্প/স্কিমের সংখ্যা**	**২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ**		**২০২২-২৩ অর্থ বছরের মোট ব্যয়**	**বাস্তবায়ন অগ্রগতি**	
		চলতি	নতুন		চলতি	নতুন		মূল	সংশোধিত		আর্থিক	ভৌত
০১	যোগাযোগ	১৯টি	৬টি	২৫টি	২টি	-	২টি	২০৮৩.৩৭	২৫৩০.৩৪	২৫৩০.৩৪	১০০%	১০০%
০২	কৃষি, সেচ ও পানীয় জল ব্যবস্থাপনা	০১টি	-	১টি	-	-	-	১১৬.৬৩	১১৬.৬৩	১১৬.৬৩	১০০%	১০০%
০৩	সমাজ কল্যাণ ও ভৌত অবকাঠামো	৯টি	০২টি	১১টি	০৪টি	-	০৪টি	৮০০.০০	৭৮৬.০০	৭৮৬.০০	১০০%	১০০%
	মোট=	২৯টি	৮টি	৩৭টি	৬টি	-	৬টি	৩০০০.০০	৩৪৩২.৯৭	৩৪৩২.৯৭		

৩.১৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৯০০) এর আওতায় সমাপ্ত স্কিমের তালিকা:

ক্র. নং	খাতসমূহ	সমাপ্তকৃত প্রকল্প/স্কিমের নাম	প্রকল্প/স্কিম		প্রকল্প/ স্কিমের মোট ব্যয়	মোট বরাদ্দ	প্রকল্প/স্কিমসমূহ বাস্তবায়নের ফলে যেসব সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার বর্ণনা।
			শুরু	শেষ			
১	যোগাযোগ	মাটিরাংগা উপজেলাধীন নারায়ন পাড়া হতে দুল্যা আদাম পর্যন্ত রাস্তা নির্মাণ।	২০১৬	২০২৩	৭৭৬.৭৪	৭৭২.২৮	প্রকল্পটি বাস্তবায়নের ফলে মাটিরাংগা উপজেলা সদরের সাথে যোগাযোগ সহজ হয়েছে। তাছাড়া এলাকার উৎপাদিত কৃষি পণ্য সহজে বাজারজাত করা যাচ্ছে। ফলে এলাকার জনসাধারণ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং সহজে বিভিন্ন সেবা গ্রহণ করতে পারছে।
২	যোগাযোগ	খাগড়াছড়ি পার্বত্য জেলার মানিকছড়ি উপজেলাধীন তিনটহরী ইউনিয়নের চেংগুয়াছড়া হয়ে গোদাতলী যাওয়ার রাস্তায় মানিকছড়ি খালের উপর ব্রীজ নির্মাণ।	২০২০	২০২৩	৪৮০.০০	৪৭৫.৬১	যাতায়াতের সুবিধা বৃদ্ধি পেয়েছে। বর্ষা মৌসুমে নদী পারাপারের ঝুঁকি লাঘব হয়েছে।
৩	সমাজকল্যাণ ও ভৌত অবকাঠামো	খাগড়াছড়ি মং সার্কেলের মং রাজার অফিস এলাকার অডিটরিয়াম নির্মাণ।	২০২০	২০২৩	২০০.০০	১৯৩.০০	দাপ্তরিক কাজের সুবিবধা বৃদ্ধির ফলে কমখরচে জনসাধারণ সেবা পাচ্ছে।
৪	সমাজকল্যাণ ও ভৌত অবকাঠামো	খাগড়াছড়ি পার্বত্য জেলার দীঘিনালা উপজেলা সদরে মাল্টিপারপাস কমিউনিটি সেন্টার নির্মাণ।	২০২০	২০২৩	১৫০.০০	১৪৮.০০	স্বল্প খরচে অনুকূল পরিবেশে সামাজিক ও সাংস্কৃতিক চর্চা করতে পারছে বিধায় সাধারণ জনগণের ব্যয় হ্রাস পেয়েছে।
৫	সমাজকল্যাণ ও ভৌত অবকাঠামো	খাগড়াছড়ি সদর উপজেলাধীন আলুটিলা পর্যটন কেন্দ্রে রেস্ট হাউস নির্মাণ।	২০২০	২০২৩	২৫০.০০	২৪৮.০০	স্বল্প খরচে পর্যটকরা আবাসন সুবিধা পাচ্ছে। কিছু মানুষের কর্মসংস্থান সৃষ্টি হওয়ায় তারা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়েছে।
৬	সমাজকল্যাণ ও ভৌত অবকাঠামো	রামগড় মহামুনী বৌদ্ধ বিহার এলাকার আশ্রম নির্মাণ।	২০২১	২০২৩	১০০.০০	৯৮.০০	অনাথ ছেলেমেয়েদের স্বল্প খরচে লেখাপড়াসহ আবাসন ব্যবস্থার সুযোগ সৃষ্টি হয়েছে। গরীব ও অনাথ ছেলেমেয়েরা বিনাখরচে/ কমখরচে লেখাপড়া করতে পাড়ায় তাদের অভিবাবকদের খরচ অনেকাংশে হ্রাস পয়েছে।

৩.১৯ তিন পার্বত্য জেলায় বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন আর্থ-সামাজিক উন্নয়ন স্কিম/প্রকল্পসমূহের বিবরণ:

(ক) পার্বত্য এলাকার তৈল ফসল (সূর্যমুখী) আবাদের মাধ্যমে দরিদ্রতা হ্রাসকরণ কর্মসূচি:

স্কিমের মেয়াদ: জুলাই ২০২২ খ্রি. - জুন ২০২৩ খ্রি.। স্কিমের ব্যয় ২৫.০০ লক্ষ টাকা। তন্মধ্যে ২১.৩২১২০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। আর্থিক অগ্রগতি ৮৫%। ২০২২-২০২৩ অর্থবছরে ১ বিঘা আয়তনের ৩০টি ও ১ একরের ৩০টি সহ মোট ৬০টি সূর্যমুখীর বাগান করা হয়েছে। প্রকল্পটি ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।

স্কিমের এলাকাঃ রাঙ্গামাটি জেলার নানিয়ারচর উপজেলা, খাগড়াছড়ি জেলার খাগড়াছড়ি সদর উপজেলা ও বান্দরবান জেলার বান্দরবান সদর উপজেলা।



পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের সাবেক চেয়ারম্যান জনাব নিখিল কুমার চাকমা সূর্যমুখী বাগান পরিদর্শন করেন।

(খ) পার্বত্য এলাকার দরিদ্রতা হ্রাসকরণের লক্ষ্যে চাষ উপযোগী ভুট্টা ফসল জাত সম্প্রসারণ

স্কিমের মেয়াদঃ জুলাই ২০২২ খ্রি. - জুন ২০২৩ খ্রি.। স্কিমের ব্যয় ২৫.০০ লক্ষ টাকা। তন্মধ্যে ১৬. ৯৫৭৪৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। আর্থিক অগ্রগতি ৬৮%। ২০২২-২০২৩ অর্থবছরে ১ বিঘা আয়তনের ৩০টি ও ১ একরের ৩০টি সহ মোট ৬০টি ভূট্টার বাগান সৃজন করা হয়েছে। প্রকল্পটি ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।



পার্বত্য এলাকার দারিদ্রতা হ্রাসকরণের লক্ষ্যে চাষ উপযোগী ভুট্টা ফসল জাত সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম পরিদর্শন ।

গ) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ:

স্কিমের মেয়াদ: ২০২১ খ্রি. - জুন ২০২৩ খ্রি.। স্কিমের প্রাক্কলিত ব্যয় ৩৫.০০ লক্ষ টাকা। তন্মধ্যে ব্যয় হয়েছে ২৮. ৫৬ লক্ষ টাকা। অবশিষ্ট অর্থ বিধি মোতাবেক ফেরত দেয়া হয়েছে।

স্কিমের উদ্দেশ্য : তিন পার্বত্য জেলার শিক্ষিত জনগোষ্ঠীর মধ্যে তথ্য প্রযুক্তির প্রসার ঘটানো; তথ্য প্রযুক্তিতে দক্ষ জনশক্তি তৈরী করা; তথ্যপ্রযুক্তিকে কাজে লাগিয়ে এতদঞ্চলের শিক্ষিত তরুণ-তরুণীদের বিকল্প আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে জীবনমান উন্নয়ন; নারীর ক্ষমতায়নে অবদান রাখা; বিশ্ববাজারে ফ্রিল্যান্সিংয়ের অপার সম্ভাবনাকে কাজে লাগানোর নিমিত্ত ফ্রিল্যান্সিংয়ে দক্ষ মানব সম্পদ সৃষ্টির মাধ্যমে মূল্যবান রেমিটেন্স আয়ের অবদান রাখা; বিদ্যমান কর্মসংস্থানের পাশাপাশি অনলাইন ভিত্তিক আত্ম-কর্মসংস্থানে উৎসাহ প্রদান; দুই ব্যাচের মোট ৪০ জন শিক্ষিত যুব-যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী হতে সহায়তা করা; প্রশিক্ষণ চলাকালীন অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মধ্যে অধিকাংশ বিভিন্ন প্রতিষ্ঠান/শিল্প কারখানায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ।



পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে তথ্য ও প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ।

স্কিমের অগ্রগতি: স্কিমের আওতায় ৪০ জন তরুণ-তরুণীকে বেসিক রিফ্রেশাস কোর্স, উচ্চতর প্রশিক্ষণ কোর্সের মধ্যে Search Engine Optimization (SEO), Content Management System (CMS), Html, CSS, Graphics Design (Adobe Photoshop, Adobe Illustrator), ডিজিটাল মার্কেটিং, ফ্রিল্যান্সিং, আউটসোর্সিং, অডিও এবং ভিডিও এডিটিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের মধ্যে ২৬ জন পোর্টফোলিও ওয়েবসাইট তৈরি করতে পেরেছে। প্রশিক্ষণপ্রাপ্ত বেশ কয়েক জন প্রশিক্ষণার্থী আন্তর্জাতিক মার্কেট প্লেস হতে ডলার ইনকাম করতে পেরেছে এবং অনেকে স্থানীয় মার্কেট হতে আয় করতে পেরেছে। এ ধরণের প্রশিক্ষণ পেয়ে প্রশিক্ষণার্থীদের আত্মবিশ্বাস বেড়েছে এবং সময়ের মধ্যে একক বা দলগতভাবে কাজ সম্পন্ন করা ইত্যাদি বিষয়ে ধারণা লাভ করতে পেরেছে।

৩.২০ পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত প্রকল্পসমূহের কর্মকান্ডের বিবরণ:

(১) পার্বত্য চট্টগ্রাম এলাকার টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প :

এ প্রকল্পের আওতায় মোট প্রাক্কলিত ব্যয় ৪৭৪৫০.০০ লক্ষ টাকা (জিওবি- ৩৫০৮৭.০০ ডিপিএ- ১২৩৬৩.০০)। প্রকল্পের শুরু হতে ৩০/০৬/২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত ব্যয় ৪০৪০৭.১১ লক্ষ টাকা। প্রকল্পটি ডিপিপি লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০/০৬/২০২৩খ্রি. তারিখের মধ্যে সফলভাবে সমাপ্ত হয়েছে।

প্রকল্পের শুরু হতে **৩০/০৬/২০২৩** পর্যন্ত গৃহীত কার্যক্রমের অগ্রগতি:

(ক) তিন পার্বত্য জেলার প্রত্যন্ত এলাকার বসবাসরত প্রান্তিক জনগোষ্ঠীর ১,৬৫,০০০ পরিবার এবং তাদের শিশু ও মহিলাদের জন্য মৌলিক সামাজিক সেবা প্রাপ্যতা, প্রাক-প্রাথমিক শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি, পানি ; (খ) পয়: ব্যবস্থা ও শিশু সুরক্ষা বিতরণ সেবা বৃদ্ধি কল্পে ৪০০০ পাড়াকেন্দ্রের নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে। (গ) প্রকল্প এলাকার শিশু, কিশোর-কিশোরী ও গর্ভবতী মাদের অপুষ্টির হার কমিয়ে আনা, স্বাস্থ্য সেবা, হাইজিন ও সামাজিক সুরক্ষা বিষয়ক জীবন নির্বাহী যত্ন ও সংরক্ষণ মূলক আচরণে উদ্দীষ্ট ১,৬০,০০০ পরিবারকে অভ্যস্ত করা হয়েছে।



পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মশিউর রহমান, এনডিসি; বোর্ডের ভাইস চেয়ারম্যান জনাব মোহাম্মদ নুরুল আলম চৌধুরী (অতিরিক্ত সচিব), সদস্য-পরিকল্পনা জনাব মোঃ জসীম উদ্দিন (উপসচিব) কর্তৃক পাড়াকেন্দ্র পরিদর্শন করেন।

(২) পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন প্রকল্প:

প্রকল্পের মেয়াদ জানুয়ারি ২০২০-২০২৪ পর্যন্ত। মোট ৪৮৪৯.২০ লক্ষ টাকা ব্যয়ে রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় ২৬ টি উপজেলায় "পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দ্রারিদ্র্য বিমোচন" শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে তিন পার্বত্য জেলায় প্রকল্পের কার্যক্রম চলমান আছে। তুলা প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে তিন পার্বত্য জেলায় মোট ৬৯০ টি (ছয়শত নব্বই) বিভিন্ন জাতের তুলা প্রদর্শনী, কেচোঁ সার/ভার্মি কম্পোস্ট প্রদর্শনী ৯০ টি (নব্বই) এবং কম্পোস্ট/কুইক কম্পোস্ট প্রদর্শনী ৯০ টি (নব্বই) স্থাপন করা হয়েছে।



পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের সাবেক চেয়ারম্যান জনাব নিখিল কুমার চাকমা রাঙ্গামাটি জেলার সাপছড়ি ইউনিয়নে তুলা চাষ প্রকল্প এলাকা পরিদর্শন করেন

(৩) পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকার সোলার সিস্টেম স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ (২য়-পর্যায়):

প্রকল্প মেয়াদকালঃ জুলাই ২০২০ - জুন ২০২৩ খ্রি পর্যন্ত। প্রকল্পের ব্যয় ২১৭৭১.০০ লক্ষ টাকা। শুরু থেকে এ পর্যন্ত মোট ২১১,৯০,৯৬,০৭১.০০ টাকা ব্যয়ে তিন পার্বত্য জেলায় সোলার হোম সিস্টেম ৪০,০০০ সেট এবং সোলার কমিউনিটি সিস্টেম ২,৫০০ সেট বিতরণ ও স্থাপন করা হয়েছে। প্রকল্পটি যথাসময়ে সফলভাবে ৩০ জুন ২০২৩খ্রি. তারিখের মধ্যে সমাপ্ত হয়েছে।



গুইমারা উপজেলার উপকারভোগীদের মাঝে খাগড়াছড়ি ২৯৮ নং আসনের মানীয় জাতীয় সংসদ সদস্য জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা এবং বোর্ডের সাবেক চেয়ারম্যান জনাব নিখিল কুমার চাকমা সোলার বিতরণ করেন।

(৪) পার্বত্য চট্টগ্রাম এলাকার সুগারক্রপ চাষাবাদ জোরদারকরণ প্রকল্প:

প্রকল্প মেয়াদকাল জুলাই ২০২১ - জুন ২০২৫ খ্রি পর্যন্ত। প্রকল্প প্রাক্কলিত ব্যয় ২৫৮০.৮৩ লক্ষ টাকা। ২০২২-২০২৩ অর্থবছরে মোট বরাদ্দ: ২২৯.০০ লক্ষ টাকা। অবমুক্ত: ১৫৩.৫০ লক্ষ টাকা এবং ব্যয়: ১০০.২৮ লক্ষ টাকা। প্রকল্পটি তিন পার্বত্য জেলায় চলমান রয়েছে।

২০২২-২০২৩ অর্থবছরে গৃহীত কার্যক্রমের অগ্রগতি

- ইক্ষু ও সাথী ফসলের প্রদর্শনী প্লট স্থাপন- ৩৯০ টি
- ইক্ষু ও সাথী ফসল চাষের উপর প্রশিক্ষণ - ৭৮০ জন কৃষক
- উন্নত পদ্ধতিতে আখের গুড় উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ - ৫৪০ জন কৃষক
- কৃষক মাঠ দিবস আয়োজন - ১৩ টি
- কর্মশালা/সেমিনার আয়োজন - ৩ টি



সুগারক্রপ প্রকল্পের প্রদর্শীন প্লট পরিদর্শন করেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মশিউর রহমান, এনডিসি।

(৫) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষের মাধ্যমে দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্প:

প্রকল্পের মেয়াদঃ জুলাই ২০২০ হতে জুন ২০২৫। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ে ৪১০৪.৯০ লক্ষ টাকা। শুরু হতে ২০২২-২০২৩ অর্থবছর পর্যন্ত ব্যয় ১১১০.৫৫ লক্ষ টাকা। প্রকল্পটি তিন পার্বত্য জেলায় বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে।

২০২২-২০২৩ অর্থ বছরে গৃহীত কার্যক্রমের অগ্রগতি:

২০২২-২০২৩ অর্থ বছরে প্রকল্পের মোট ৬৮০ টি বাগানের মধ্যে ৩৯৩ টি কফি ও ২৮৭ টি কাজুবাদাম বাগান সৃজন করা হয়েছে। উপকারভোগীদের মাঝে কফি চারা, কাজুবাদাম চারা, সবজির জন্য ৬৮০ টি বাগানে মাচা তৈরী, ৬৮০ টি বাগানে ঘেরাবেড়া, ৬৮০ টি বাগানে সার, ৬৮০



কফি ও কাজুবাদাম চাষ প্রকল্পের প্রকল্প পরিচালক ও সদস্য পরিকল্পনা জনাব মোঃ জসীম উদ্দিন (উপসচিব) প্রকল্প কার্যক্রম পরিদর্শন করেন

(৬) বান্দরবান পার্বত্য জেলার বান্দরবান পৌরসভা ও লামা পৌরসভার জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে পানি ব্যবস্থার উন্নয়নের জন্য মাস্টার ড্রেইন নির্মাণ প্রকল্প:

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:

বান্দরবান পার্বত্য জেলার বান্দরবান ও লামা পৌর এলাকার জলাবদ্ধতা দূরীকরণ, পরিস্কার পরিচ্ছন্ন রাখা এবং স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করাসহ সরকারি এবং বেসরকারি স্থাপনা বন্যার কবল থেকে রক্ষা করা। তাছাড়া পর্যটন নগরী হিসেবে গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন এবং আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা।

মেয়াদকালঃ জুলাই ২০২১ থেকে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়ঃ ৪৮৬৯.০০ লক্ষ টাকা। ২০২২-২০২৩অর্থবছরে বরাদ্দ ১৭০০.০০ লক্ষ টাকা। তন্মধ্যে মোট ১৬৯৪.৯২ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

২০২২-২০২৩ অর্থবছরে গৃহীত কার্যক্রমের অগ্রগতি:

২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ১০০%। ২০২২-২০২৩ অর্থ বছরে এ প্রকল্পের অধীনে আর.সি.সি ড্রেইন (১.৫০×১.৫০)=৬৩৬৬.২১ মিটার নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। উপকারভোগী পরিবার সংখ্যা প্রায় ৩০০০ পরিবার।



বান্দরবান পৌরসভায় ০১নং ওয়ার্ডের বান্দরবান বালাঘাটা শৈলশোভা আবাসিক এলাকার প্রধান সড়কের ড্রেইনসহ কভার স্ল্যাব নির্মাণ কাজ পরিদর্শন করেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও বোর্ডের ভাইস-চেয়ারম্যান মহোদয়।

(৭) বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ প্রকল্প

মেয়াদকালঃ জুলাই ২০২০ থেকে জুন ২০২৩ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়ঃ ৪৯৮০.০০ লক্ষ টাকা। ২০২০-২০২৩ অর্থবছর পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৯২৫.৪০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ৯৮.৯০%। উপকারভোগী পরিবার সংখ্যা প্রায় ২০০০ পরিবার।

বাস্তবায়ন অগ্রগতিঃ ২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ৯৭.৯৪%। শুরু হতে ২০২২-২০২৩ অর্থ বছরে এ প্রকল্পের অধীনে সেচ ড্রেইন-৩৭২৭১.২৫ মিটার; বাঁধ-২৫০.০০ মিটার; পাম্প হাউস-৫৪৬.০০ বর্গমিটার; পাওয়ার টিলার (১২HP)-১৫টি; কম্বাইন হারভেস্টর (৮৮HP)-০৫টি; ৪-সিলিন্ডার ইঞ্জিন-(৫০HP)-১২টি; সিঙ্গেল সিলিন্ডার ইঞ্জিন (২৫HP)-২৭টি কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পটি ডিপিপি লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০ জুন ২০২৩খ্রি. তারিখের মধ্যে সফলভাবে সমাপ্ত হয়েছে।



আলীকদম উপজেলায় কৃষকদের মধ্যে কম্বাইন্ড হারবেস্টার বিতরণ করেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়।

(৮) বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলা সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ-১ম সংশোধিত

মেয়াদঃ অক্টোবর ২০১৪ থেকে জুন ২০২৪ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয় ৬৪৪৫.০০ লক্ষ টাকা। ২০২২-২০২৩ অর্থবছরে বরাদ্দ অনুযায়ী ব্যয় ১১২৯.০০ লক্ষ টাকা। আর্থিক অগ্রগতি ১০০%।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য: রুমা ও রোয়াংছড়ি উপজেলার মধ্যে সরাসরি যোগাযোগ স্থাপনের মাধ্যমে কৃষি/অকৃষি অর্থনীতির সঞ্চালন ঘটিয়ে স্থানীয় জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়ন ঘটানো।

২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি

২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ১০০%। মাটির কাজ ৬৬৯৯৬.৯২ ঘ:মি: ; ফ্লেক্সিবল পেভমেন্ট ৩.২৫ কি:মি:; ফ্লেক্সিবল পেভমেন্ট (ম্যাকাডম) ১.৫০ কি:মি:; রিজিড পেভমেন্ট ১৭৯.৯০০ মিটার; কালভার্ট ২১.৯৪ মিটার; ড্রেইন ৭৭৭৭৪.৬১ মিটার; আর.সি.সি রিটেইনিং ওয়াল ১৬৮.৫০ মিটার; ব্রীক রিটেইনিং ওয়াল ৭০৪.০৪ মিটার; সৌর বিদ্যুৎ প্যানেল(স্ট্রিট লাইট) ১০০টি; আর.সি.সি থ্রো স্লাব ডিজাইন ২৪.৬২ মিটার; আর.সি.সি গার্ডার ব্রীজ ৩৫.০০ মিটার; আর.সি.সি আউটলেট ড্রেইন ১২০.০০ মিটার; জিও টেক্সটাইল ও জিও ব্যাগ ৭৯৫৩.২৬ বর্গমিটার কাজ সমাপ্ত হয়েছে।



বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ কাজ পরিদর্শনকালীন ছবি।

(৯) বান্দরবান পার্বত্য জেলায় সাঙ্গু নদীর উপর ২টি এবং সোনাখালী খালের উপর ১টি ব্রীজ নির্মাণ প্রকল্প

মেয়াদ জুলাই ২০১৯ খ্রিঃ থেকে জুন ২০২২ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয় ৪৯৭৬.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২৩ অর্থবছর পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৪৯২.০০ লক্ষ টাকা (আর্থিক-৬২.৮২% ও বাস্তব-৮৩.০৬%)। ২০২২-২০২৩ অর্থবছরে বরাদ্দ অনুযায়ী ব্যয় ১০২০.০০ লক্ষ টাকা। আর্থিক অগ্রগতি ১০০%।

২০২২-২০২৩ অর্থবছরে গৃহীত কার্যক্রমের অগ্রগতি:

২০২২-২০২৩ অর্থবছরে বরাদ্দ অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ১০০%। থানচি উপজেলার বলিবাজার এলাকার পিসি গার্ডার ব্রীজ ৮৭.০০ (৪৩.৫০×২) মিটার এবং এবাটমেন্ট ও পিয়ারের কাজ সমাপ্ত। রোয়াংছড়ি উপজেলার বেতছড়া বৈদ্যপাড়া এলাকার পিসি গার্ডার ব্রীজ ৭৫.০০ (৩৭.৫০×২) মিটার এবাটমেন্ট ও পিয়ারের কাজ সমাপ্ত।থানচি উপজেলার জ্ঞানলাল পাড়া সোনাখালী খালের উপর আর.সি.সি গার্ডার ব্রীজ ৫৮.০০ (১৮.০০×২,২২.০০×১) মিটার (৩টি স্পেন) সমাপ্ত। ব্রীক পেভমেন্ট-১.৫০ কি.মি., কালভার্ট-৭.০০ মিটার, ড্রেইন (এল/ইউ/ক্রস) ১৫০২.০০মিটার, আর.সি.সি রিটেইনিং ওয়াল-৪৭.৬৮ মিটার এবং ব্রীক রিটেইনিং ওয়াল-৮০.০০ মিটার কাজ সমাপ্ত হয়েছে।



থানচি উপজেলার বলিপাড়া ইউনিয়নের জ্ঞানলাল পাড়া সংলগ্ন সোনাই খালের উপর আর.সি.সি গার্ডার ব্রীজ নির্মাণ কাজের ছবি। (দৈর্ঘ্য: ৮০.০০ ও প্রস্থ: ৬.৮৮মি:)

(১০) খাগড়াছড়ি জেলা সদরের পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন ও জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাষ্টার ড্রেইন নির্মাণ :

মেয়াদকাল : জুলাই,২০১৯-ডিসেম্বর, ২০২৩। প্রাক্কলিত ব্যয় : ৪৮৯৪.০০ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ ও ব্যয় : বরাদ্দ- ১২৯৭.১০ লক্ষ টাকা, ব্যয়- ১২৯৭.১০ লক্ষ টাকা। আর্থিক অগ্রগতি ১০০%। প্রকল্প এলাকা : খাগড়াছড়ি সদর। ২০২২-২৩ অর্থ বছরের গৃহীত কাজের অগ্রগতি ১৪৮৬.০৩ মিটার দীর্ঘ মাস্টার ড্রেইন নির্মাণ করা হয়েছে।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য : (ক) সরকারী ও বেসরকারী স্থাপনা এবং ফসল বন্যার কবল থেকে রক্ষা (খ) কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে শুষ্ক মৌসুমে প্রকল্প এলাকার কৃষি জমিতে সেচ সুবিধা প্রদান; কৃষি জমি ও ফসল হানির ক্ষয়ক্ষতি রোধ এবং খাগড়াছড়ি পৌর এলাকা পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর রাখা।



খাগড়াছড়ি জেলা সদরের পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাষ্টার ড্রেইন নির্মাণ কার্যক্রমের একাংশ ছবি

(১১) পার্বত্য চট্টগ্রামের খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ

মেয়াদকাল : সেপ্টেম্বর ২০২০ - জুন ২০২৪ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয় : ৪৮৮১.৪২ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ ও ব্যয় : বরাদ্দ- ২১৭২.৬০ লক্ষ টাকা, ব্যয়- ২১৭২.৬০ লক্ষ টাকা। আর্থিক অগ্রগতি ১০০%। উপকারভোগী সংখ্যা ৩,০০০ হাজার পরিবার। ১৭৫০০.০০ মিটার সেচ ড্রেইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

(ক) শুষ্ক মৌসুমে প্রয়োজনীয় সেচ সুবিধা প্রদান।

(খ) ফসল উৎপাদন বৃদ্ধি।



খাগড়াছড়ি পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মান এর আওতায় মানিকছড়ি উপজেলায় সদুরখীল ইউনিয়নে সেচ ড্রেইন নির্মাণ।

৩.২১ ২০২২-২০২৩ অর্থবছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড গৃহীত বিভিন্ন গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য কার্যক্রমের স্থিরচিত্র:



বান্দরবান পার্বত্য জেলার লামা উপজেলার বিভিন্ন ইউনিয়নের উপকারভোগীদের মাঝে সোলার হোম সিস্টেম বিতরণ করেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব বীর বাহাদুর উশৈসিং, এমপি।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে গভীর বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন পার্বত্য চট্টগাম উন্নয়ন বোর্ডের সম্মানিত চেয়ারম্যান (রাষ্ট্রদূত অবঃ) জনাব সুপ্রদীপ চাকমা ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



শেখ রাসেল স্মৃতি নৌকা বাইচ-২০২২ উপলক্ষ্যে মহিলাদের ছোট নৌকা প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারী দলকে প্রথম পুরস্কার প্রদান করছেন অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব দীপংকর তালুকদার, এম.পি, মাননীয় সভাপতি, খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।



১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের সাবেক চেয়ারম্যান জনাব নিখিল কুমার চাকমা'র নেতৃত্বে রাঙ্গামাটি সদর উপজেলার সম্মুখে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মূর্যালে গভীর শ্রদ্ধার সহিত পুস্পস্তবক অর্পণ করা হয়।

৪.ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন বিষয়ক টাস্কফোর্স

৪.১ ভূমিকা:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্পেশাল এ্যাফেয়ার্স বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর স্মারক নং-স্পেঃএ্যাঃবিঃ(প্রঃ-১)-১(ঞ)/৯৫(অংশ-১)/১৮৫, তাং- ৮/৪/১৯৯৭ খ্রি: মোতাবেক ভারতের ত্রিপুরা রাজ্যের বিভিন্ন শরণার্থী শিবির হতে বাংলাদেশী উপজাতীয় শরণার্থীরা দেশে প্রত্যাবর্তন ও পুনর্বাসন সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও তাদের পুনর্বাসন তথা সরকার ঘোষিত ২০(বিশ) দফা প্যাকেজ সুবিধা বাস্তবায়নে সহায়তা ও পর্যবেক্ষণকল্পে সরকার ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স গঠন করে। পরবর্তীতে বেশ কয়েক বার পুনর্গঠনের পর সর্বশেষ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর প্রজ্ঞাপন নং-২৯.০০.০০০০.২২৩.১৮.০৪.১৭-১৯০, তাং-১০/১২/২০১৭খ্রি.মূলে জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি (প্রতিমন্ত্রী পদমর্যাদায়)-কে চেয়ারম্যান করে এ টাস্কফোর্স পুনর্গঠন করা হয়।

৪.২ বর্তমান টাস্কফোর্স কমিটি নিম্নরূপ:

(ক) জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি	চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদায়)
(খ) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি-	সদস্য
(গ) খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান/প্রতিনিধি-	সদস্য
(ঘ) রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান/প্রতিনিধি-	সদস্য
(ঙ) বান্দরবান পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান/প্রতিনিধি-	সদস্য
(চ) জেলা প্রশাসক, রাংগামাটি পার্বত্য জেলা-	সদস্য
(ছ) জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা-	সদস্য
(জ) জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা-	সদস্য
(ঝ) চাকমা সার্কেল চিফ, রাংগামাটি-	সদস্য
(ঞ) মং সার্কেল চিফ, খাগড়াছড়ি-	সদস্য
(ট) বোমাং সার্কেল চিফ, বান্দরবান-	সদস্য
(ঠ) ২৪ পদাতিক ডিভিশনের একজন প্রতিনিধি-	সদস্য
(ড) পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির একজন প্রতিনিধি-	সদস্য
(ঢ) ভারত প্রত্যাগত শরণার্থীদের একজন প্রতিনিধি-	সদস্য
(ণ) এডভোকেট মহিউদ্দিন কবীর, পিতা- মৃত শাহজাহান কবীর-	সদস্য
(ত) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম-	সদস্য-সচিব

৪.৩ কর্মপরিধি:

৪.৩.১ প্রত্যাগত শরণার্থী পুনর্বাসন

ক) বাংলাদেশী উপজাতীয় শরণার্থীদের প্রদেয় ২০(বিশ) দফা প্যাকেজ সুযোগ সুবিধা যথাযথভাবে দ্রুত বাস্তবায়নে দিকনির্দেশনা ও সহায়তা করার লক্ষ্যে সময়ে সময়ে সরকারের নিকট সুপারিশ পেশ করার পাশাপাশি স্থানীয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের তরফ হতে পরামর্শ ও নির্দেশ প্রদান এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি ও পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী উদ্বাস্তুদের পুনর্বাসন নিশ্চিতকরণ;

(খ) পুনর্বাসন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট সকল সরকারি বিভাগ ও কর্তৃপক্ষের কর্মতৎপরতার সমন্বয় রক্ষার্থে পরামর্শ ও সহযোগিতা প্রদান;

(গ) প্রত্যাগত শরণার্থীদের যেসব স্থানে (নিজের বসতবাটিসহ) পুনর্বাসিত করা হয়েছে সরেজমিনে সেসব স্থান পরিদর্শন এবং স্থানীয়ভাবে উদ্ভূত সমস্যাদির (যদি থাকে) সমাধানকল্পে প্রয়োজনীয় পরামর্শ/প্রস্তাব বাস্তবায়নের জন্য স্থানীয় প্রশাসনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ এবং

(ঘ) শরণার্থী প্রত্যাবর্তন ও পুনর্বাসন কার্যক্রম এবং অন্যান্য প্রাসংগিক বিষয়াদি পর্যবেক্ষণ করে প্রয়োজনবোধে এ বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান।

৪.৩.২ অভ্যন্তরীণ উদ্বাস্তু পুনর্বাসন:

(ক) তিন পার্বত্য জেলার অভ্যন্তরীণ উদ্বাস্তুদের নির্দিষ্টকরণ এবং পুনর্বাসনের জন্য সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ পেশ এবং সরকারের সিদ্ধান্ত অনুযায়ী পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নে সহায়তা প্রদান ও বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ;

(খ) অভ্যন্তরীণ উদ্বাস্তু পুনর্বাসন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট সকল সরকারি বিভাগ ও কর্তৃপক্ষের কর্মতৎপরতার সমন্বয় সাধন এবং পরামর্শ ও সহযোগিতা প্রদান;

(গ) অভ্যন্তরীণ উদ্বাস্তু পুনর্বাসন সংক্রান্ত সমস্যাদি স্থানীয়ভাবে সমাধানকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনবোধে এ বিষয়ে সরকারের নিকট সুপারিশ প্রদান।

৪.৩.৩ অন্যান্য শর্তাবলী:

(১) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম টাস্কফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করবেন।

(২) সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এদের অধীনস্থ সকল অধিদপ্তর/সংস্থাসমূহ টাস্কফোর্সের উপর অর্পিত দায়িত্ব পালনে সহায়তা প্রদান করবে এবং টাস্কফোর্সের পরামর্শ, সিদ্ধান্ত প্রতিপালনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

(৩) টাস্কফোর্সের কর্মপরিধি হবে পার্বত্য তিনটি জেলা এবং এর কার্যালয় হবে খাগড়াছড়ি পার্বত্য জেলা সদর।

(৪) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় টাস্কফোর্সকে প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা প্রদানসহ এ সংক্রান্ত ব্যয় বহন করবে।

৪.৩.৪ সাংগঠনিক কাঠামো ও জনবল:

৪.৩.ক পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-২৯.২২৩.০১৫.০০.০০২৮.২০১১-৩২৫, তাং- ৩০/০৮/২০১৬খ্রিঃ এবং এ টাস্কফোর্সের প্রাক্তন চেয়ারম্যান জনাব যতীন্দ্র লাল ত্রিপুরা ও বর্তমান চেয়ারম্যান জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি ও প্রতিমন্ত্রী পদমর্যাদায় হওয়ায় প্রিভিলেজ এ্যাক্ট ১৯৭৩ অনুযায়ী নিম্নবর্ণিত পদসমূহে চেয়ারম্যানের ব্যক্তিগত কর্মকর্তা/কর্মচারীদের জনবল হিসেবে নির্ধারণ করা হয়েছে।

১.	চেয়ারম্যানের একান্ত সচিব	-১জন।
২.	চেয়ারম্যানের সহকারী একান্ত সচিব	-১জন।
৩.	চেয়ারম্যানের ব্যক্তিগত সহকারী	-২জন।
৪.	জমাদার	-১জন।
৫.	অর্ডার্লী	-১জন।
৬.	কুক	-১জন।
৭.	এম.এল.এস.এস	-২জন।

মোট= ০৯ (নয়)টি পদ

বর্তমানে চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব পদটি ছাড়া বাকী পদগুলোতে জনবল নিয়োগ করা হয়েছে।

৪.৩.খ ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্সের কার্যক্রম পরিচালনার জন্য রাজস্ব খাতে বছর ভিত্তিক সংরক্ষণ সাপেক্ষে নিম্নোক্ত পদসমূহ(১ হতে ৮নং ক্রমিক পর্যন্ত) সৃজন করা হয় এবং ৯-১০ নং ক্রমিকের পদগুলি আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োগ করা হয়।

নং	পদের নাম	বেতন স্কেল	পদসংখ্যা	মন্তব্য
১.	প্রধান নির্বাহী কর্মকর্তা (উপ-সচিব)	৪৩,০০০-৬৯,৮৫০/-	১	
২.	নির্বাহী কর্মকর্তা	৩৫,৫০০-৬৭,০১০/-	১	
৩.	সমন্বয়কারী	১৬,০০০-৩৮,৬৪৮/-	১	শূন্য
৪.	ব্যক্তিগত সহকারী	১১,০০০ - ২৬,৫৯০/-	১	
৫.	অফিসসহকারী কাম-কম্পিউটার অপারেটর	৯,৩০০-২২,৪৯০/-	১	
৬.	ডাটা এন্ট্রি অপারেটর	-ঐ-	১	

৭.	হিসাব রক্ষক	-ঐ-	১	
৮.	ষ্টোর কিপার	-ঐ-	১	
৯.	নিরাপত্তা প্রহরী		১	**আউট সোর্সিং-এর মাধ্যমে নিয়োগদান করা হয়েছে।**
১০.	**সুইপার**		**১**	

মোট = ১০ (দশ)টি

৪.৩.গ ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স কার্যালয়, খাগড়াছড়ি এর ২০২২-২৩ অর্থবছরের বাজেট (পরিচালন ও উন্নয়ন) খরচের বিবরণী:

(অংকসমূহ হাজার টাকায়)

অর্থনৈতিক কোড	বিস্তারিত খাত সমূহ	২০২২-২৩ অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ	২০২২-২৩ অর্থ বছরের প্রকৃত ব্যয়	অব্যয়িত অর্থ	মন্তব্য
১.	২.	৩.	৪.	৫.	৬.
৩৬৩১	আবর্তক অনুদান				
৩১১১১০১	মূল বেতন (অফিসার)	২৭,৬০	২৭,৫৮	২	
৩১১১২০১	মূল বেতন (কর্মচারী)	১৭,৯০	১৭,৮৮	২	
	উপমোট=	**৪৫,৫০**	**৪৫,৪৬**	**৪**	
৩১১১৩০৬	শিক্ষা ভাতা	২০	১৫	৫	
৩১১১৩০৯	পাহাড়ী ভাতা	৩,৭৫	৩,৭১	৪	
৩১১১৩১০	বাড়ী ভাড়া ভাতা	২০,৫০	২০,৪৯	১	
৩১১১৩১১	চিকিৎসা ভাতা	২,২০	২,১৬	৪	
৩১১১৩১২	মোবাইল/সেলফোন ভাতা	৬০	৬০	০	
৩১১১৩১৩	আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা	২৪	০	২৪	
৩১১১৩১৪	টিফিন ভাতা	২৪	২২	২	
৩১১১৩২৫	উৎসব ভাতা	৫,৬০	৫,৫১	৯	
৩১১১৩২৮	শ্রান্তি ও বিনোদন ভাতা	১৫	১১	৪	
৩১১১৩৩১	আপ্যায়ন ভাতা	৯০	৯০	০	
৩১১১৩৩২	সম্মানী ভাতা	৩,৬০	০	৩,৬০	
৩১১১৩৩৫	বাংলা নববর্ষ ভাতা	৬০	৫৫	৫	
	কর্মচারীদের প্রতিদান-উপমোট=	**৩৮,৫৮**	**৩৪,৪০**	**৪,১৮**	
৩২	**পণ্য ও সেবার ব্যবহার**				
৩২১১১০১	পুরস্কার (শুদ্ধাচার)	৯০	৮০	১০	
৩২১১১০৬	আপ্যায়ন ব্যয়	২,৫০	১,২৫	১,২৫	৫০% বরাদ্দ হ্রাস করায় বাকী ৫০% ব্যয় করা

					হয়েছে।
৩২১১১১৩	বিদ্যুৎ	১,০০	৭৫	২৫	২৫% বরাদ্দ হ্রাস করায় বাকী ৭৫% ব্যয় করা হয়েছে।
৩২১১১১৭	ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স	৩৮	৩৬	২	
৩২১১১১৯	ডাক	৫	০	৫	
৩২১১১২০	টেলিফোন	৬৭	৩১	৩৬	
৩২১১১২৯	অফিস ভবন ভাড়া	৪,৯৬	৪,৬০	৩৬	
৩২১১১৩১	আউটসোর্সিং	৪,৪৬	৪,৪৫	১	
৩২৩১৩০১	প্রশিক্ষণ	১,২০	২৫	৯৫	৫০% হ্রাসকৃত অর্থসহ অব্যয়িত রয়েছে।
৩২৪৩১০১	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট	১৩,০০	১০,৩৯	২,৬১	২০% বরাদ্দ হ্রাস করায় বাকী ৮০% ব্যয় করা হয়েছে।
৩২৪৪১০১	ভ্রমণ ব্যয়	১২,০০	৬,০০	৬,০০	৫০% বরাদ্দ হ্রাস করায় বাকী ৫০% ব্যয় করা হয়েছে।
৩২৪৪১০২	বদলী ব্যয়	৩	০	৩	
৩২৫৫১০১	কম্পিউটার সামগ্রী	১,০০	১,০০	০	
৩২৫৫১০৫	অন্যান্য মনিহারি	১,২০	৬০	৬০	৫০% বরাদ্দ হ্রাস করায় বাকী ৫০% ব্যয় করা হয়েছে।
৩২৫৭৩০৪	বাগান পরিচর্যা	১,৫০	১,৫০	০	
৩২৫৮১০১	মোটরযান (মেরামত ও সংরক্ষণ)	১২,৫০	১২,৪৯	১	
৩২৫৮১০২	আসবাবপত্র (মেরামত ও সংরক্ষণ)	১,৫০	১,৫০	০	
৩২৫৮১০৩	কম্পিউটার (মেরামত ও সংরক্ষণ	১,৫০	১,৫০	০	
৩২৫৮১০৫	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি(মেরামত ও সংরক্ষণ)	৩,০০	৩,০০	০	
৩২৫৮১০৬	আবাসিক ভবন (মেরামত ও সংরক্ষণ)	২,১০	২,১০	০	
৩২৫৮১৪০	মোটরযান রক্ষণাবেক্ষণ ব্যয়	২,৫০	২,৫০	০	
	পণ্য ও সেবার ব্যবহার মোট=	**৬৭,৯৫**	**৫৫,৩৫**	**১২,৬০**	
৩৬৩১১০৮	**গবেষণা অনুদান**				
৩২৫৭১০৫	উদ্ভাবন	১,২০	০	১,২০	এ খাতে কোন

					উদ্ভাবন কর্মসূচি নেয়া যায়নি ।
	উপমোট=	**১,২০**	**০**	**১,২০**	
৩৬৩২	**মূলধন অনুদান**				
৩৬৩২১০২	যন্ত্রপাতি অনুদান				
৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি	৮,০০	৮,০০	০	
	উপমোট=	**৮,০০**	**৮,০০**	**০**	
৩৬৩২১০৫	**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অনুদান**				
৪১১২২০২	কম্পিউটার ও আনুষঙ্গিক	৫৪	২৭	২৭	এ খাতে অব্যয়িত অর্থ ব্যয়ের স্থগিতাদেশ রয়েছে।
	উপমোট=	**৫৪**	**২৭**	**২৭**	
৩৬৩২১০৬	**অন্যান্য মূলধন অনুদান**				
৪১১২৩১৪	আসবাবপত্র	৭৪	০	৭৪	এ খাতে অব্যয়িত অর্থ ব্যয়ের স্থগিতাদেশ রয়েছে।
	উপমোট=	**৭৪**	**০**	**৭৪**	
	মূলধন অনুদান- মোট=	**১০,৪৮**	**৮,২৭**	**২,২১**	
	সর্বমোট=	**১৬২,৫১**	**১৪৩,৪৮**	**১৯,০৩**	

৪.৪ ২০১৮খ্রি. হতে বর্তমান পর্যন্ত টাস্কফোর্স কমিটির বিভিন্ন সভার বিবরণ:

ক্রমিক নং	তারিখ ও সময়	সভার স্থান
১.	২৫ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ সকাল ১১.৩০ টায়	বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষ
২.	২২ অক্টোবর ২০১৯ খ্রিঃ সকাল ১১.৩০ টায়	বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষ

৪.৫ ২০২২-২৩ খ্রি. পর্যন্ত উপজাতীয় শরণার্থী বিষয়ক টাস্কফোর্সের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের আলোকচিত্র:



বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা প্রদান করছেন উপজাতীয় শরণার্থী ও উদ্বাস্তু বিষয়ক টাস্কফোর্সের চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদায়) জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা,এমপি।



বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা প্রদান করছেন উপজাতীয় শরণার্থী ও উদ্বাস্তু বিষয়ক টাস্কফোর্সের চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদায়) জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি।

৫.পার্বত্য জেলা পরিষদসমূহ

৫.১. ভূমিকা:

পার্বত্য চট্টগ্রামের তিনটি জেলা তথা-রাঙামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান-এর সর্বাঙ্গীন উন্নয়নকল্পে ১৯৮৯ সালের ১৯,২০,২১ নং আইন প্রণয়নের মধ্য দিয়ে যথাক্রমে রাঙামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ ও বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ গঠিত হয়। পরবর্তীতে ১৯৯৭ সালে ২রা ডিসেম্বর পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে সম্পাদিত চুক্তির আলোকে ১৯৯৮ সালে ৯,১০ এবং ১১ নং আইনের মাধ্যমে স্থানীয় সরকার পরিষদসমূহের আইনসমূহকে অধিকতর সংশোধনপূর্বক পরিষদত্রয়কে যথাক্রমে রাঙামাটি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এবং বান্দরবান পার্বত্য জেলা পরিষদে রূপান্তর করা হয়। উল্লেখ্য, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বসবাসরত বিভিন্ন উপজাতি এবং অ-উপজাতীয় জনগোষ্ঠীর সামগ্রিক কল্যাণ নিশ্চিতকরণ এবং পার্বত্য অঞ্চলে বিভিন্ন অবকাঠামোসহ অন্যান্য খাত উন্নয়নের নিমিত্ত পার্বত্য জেলা পরিষদের ভূমিকা অপরিসীম।

৫.২ কর্মপরিধি :

পার্বত্য জেলা পরিষদ আইন মোতাবেক তিনটি পার্বত্য জেলা পরিষদের কার্যাবলি সংক্ষেপে নিম্নরূপ:

- জেলার আইন-শৃঙ্খলার তত্ত্বাবধান, সংরক্ষণ ও উহার উন্নতি সাধন;
- ভূমি ও ভূমি ব্যবস্থাপনা;
- পুলিশ (স্থানীয়);
- উপজাতীয় রীতিনীতি অনুসারে সামাজিক, সাংস্কৃতিক ও উপজাতীয় বিষয়ক বিরোধের বিচার;
- জেলার স্থানীয় কর্তৃপক্ষ সমূহের উন্নয়নমূলক কর্মকান্ডের সমন্বয় সাধন;
- মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, বৃত্তিমূলক শিক্ষা, জেলায় প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, পাবলিক লাইব্রেরী, ছাত্রাবাস, আবাসিক বিদ্যালয় স্থাপন এবং রক্ষণাবেক্ষণ। শিক্ষা প্রতিষ্ঠানকে আর্থিক মঞ্জুরি প্রদান, ছাত্রবৃত্তির ব্যবস্থা, প্রাথমিক শিক্ষকপ্রশিক্ষণ, মাধ্যমিক ও কারিগরি শিক্ষা এবং বয়স্ক শিক্ষার প্রসার, ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন কল্যাণমূলক কর্মসূচি গ্রহণ ও খাদ্যের ব্যবস্থা, গরীব ও দুস্থ ছাত্রদের জন্য বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ;
- হাসপাতাল, ডাক্তারখানা, প্রাথমিক চিকিৎসা কেন্দ্র ও ডিসপেন্সারি স্থাপন ও রক্ষণাবেক্ষণ, ধাত্রী প্রশিক্ষণ এবং পরিবার পরিকল্পনা কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
- জনস্বাস্থ্য উন্নয়ন এবং তৎসম্পর্কিত কর্মসূচি প্রণয়ন, বাস্তবায়নও জনস্বাস্থ্য বিষয়ক শিক্ষার প্রসার;
- কৃষি উন্নয়ন, সরকার কর্তৃক রক্ষিত নয়এ প্রকার বনসম্পদ উন্নয়ন ও সংরক্ষণ, গ্রামাঞ্চলে বনভূমি সংরক্ষণ, কৃষিখামার স্থাপন ও রক্ষণাবেক্ষণ, উন্নত কৃষিপদ্ধতি জনপ্রিয়করণ এবং কৃষকগণকে উন্নত যন্ত্রপাতি হ্রাসকৃত মূল্যে প্রদান;
- পশুপাখির হাসপাতাল স্থাপন ও রক্ষণাবেক্ষণ এবং পশুসম্পদের উন্নয়নের জন্য ব্যবস্থা গ্রহণ;
- মৎস্যসম্পদ উন্নয়ন, মৎস্য খামার স্থাপন ও রক্ষণাবেক্ষণ এবং মৎস্য ব্যাধি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;
- সমবায় উন্নয়ন ও সমবায় জনপ্রিয়করণ এবং এতে উৎসাহ প্রদান;
- ক্ষুদ্র ও কুটিরশিল্প স্থাপন, হাটবাজার ও গ্রাম বিপণী বিতান স্থাপন, নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণ এবং স্থানীয়শিল্প বাণিজ্যের লাইসেন্স প্রদান;
- সমাজকল্যাণ ও সমাজ উন্নয়নমূলক বিভিন্ন ব্যবস্থা গ্রহণ, দুস্থ ব্যক্তিদের জন্য কল্যাণ সদন, আশ্রয় সদন, এতিমখানা, বিধবা সদন ও অন্যান্য কল্যাণমূলক প্রতিষ্ঠান স্থাপন ও রক্ষণাবেক্ষণ, দরিদ্রদের জন্য লিগ্যাল এইড এবং দরিদ্র ও ছিন্নমূল পরিবারের সাহায্য ও পুনর্বাসন;
- সাধারণ উপজাতীয় সংস্কৃতিমূলক কর্মকান্ড সংরক্ষণ ও প্রসার, জাদুঘর ও আর্ট-গ্যালারী স্থাপন, ব্যবস্থাপনা, প্রদর্শনীর ব্যবস্থা, জাতীয় দিবস ও উপজাতীয় উৎসবাদি উদযাপন, স্থানীয় এলাকার ঐতিহাসিক এবং আদি বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণ, তথ্যকেন্দ্র স্থাপন ও রক্ষণাবেক্ষণ এবং সংস্কৃতি উন্নয়নমূলক অন্যান্য ব্যবস্থা গ্রহণ;
- যোগাযোগ ব্যবস্থার উন্নতি সাধন;
- স্থানীয় শিল্প বাণিজ্যের লাইসেন্স প্রদান;
- যুব উন্নয়ন ও সমাজসেবামূলক কার্যাবলীগ্রহণ, বাস্তবায়ন ও সম্প্রসারণ;
- যুব কল্যাণ;
- পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন;
- স্থানীয় পর্যটন;
- জুম চাষ;
- জেলার বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি সংস্থার উন্নয়নমূলক কার্যাবলীর সমন্বয় সাধন।

৫.ক. রাঙামাটি পার্বত্য জেলা পরিষদ

৫.ক.১ ভূমিকা:

রাঙ্গামাটি পার্বত্য জেলায় বসবাসরত সকল নাগরিকের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, শিক্ষা ও অর্থনৈতিক অধিকার সমুন্নত এবং আর্থ-সামাজিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ১৯৮৯ সনের ১৯ নং আইন দ্বারা রাঙ্গামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ গঠিত হয়। পরবর্তীতে বিভিন্ন ইস্যু ভিত্তিক উল্লেখিত আইন আংশিক সংশোধিত হলেও ১৯৯৭ সালের ২রা ডিসেম্বর পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি এবং পাবর্ত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে সম্পাদিত পার্বত্য চট্টগ্রাম চুক্তির আলোকে (১৯৯৮সালে ০৯নং আইন দ্বারা) অধিকাংশ ধারা সংশোধন-সংযোজন ও প্রতিস্থাপনের মাধ্যমে এ পরিষদকে অধিকতর ক্ষমতা ও দায়িত্ব ন্যস্ত করা হয়। সংশোধিত আইন অনুযায়ী রাঙ্গামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ এর নাম "রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ" এ রূপান্তরিত হয়। বর্তমানে ১জন চেয়ারম্যানসহ মোট ৩৪ জন নিয়ে পার্বত্য জেলা পরিষদ পুনর্গঠিত হয়েছে যারা সাধারণ নির্বাচনের মাধ্যমে প্রতিনিধিত্ব করবেন।

৫.ক.২ পরিষদ গঠন:

- চেয়ারম্যান : ০১জন
- সাধারণ সদস্য :
  উপজাতীয় সদস্য : ২০ জন
  অ-উপজাতীয় সদস্য : ১০ জন
- সংরক্ষিত মহিলা সদস্য :
  উপজাতীয় সদস্য : ০২ জন
  অ-উপজাতীয় সদস্য : ০১ জন

৫.ক.৩ সম্প্রদায় ভিত্তিক সদস্য সংখ্যা ও চেয়ারম্যান:

১। চেয়ারম্যান (উপজাতীয়) : ০১জন

২। সদস্য সংখ্যা

ক) উপজাতীয় মহিলা (সংরক্ষিত) : ০২জন
খ) অ-উপজাতীয় মহিলা (সংরক্ষিত) : ০১জন
গ) চাকমা : ১০জন
ঘ) মারমা : ০৪জন
ঙ) তঞ্চগ্যা : ০২জন
চ) ত্রিপুরা : ০১জন
ছ) লুসাই : ০১জন
জ) পাংখোয়া : ০১জন
ঝ) খিয়াং : ০১জন
ঞ) অ-উপজাতীয় : ১০জন

সর্বমোট : ৩৪জন

৫.ক.৪ অন্তর্বর্তীকালীন পরিষদ:

রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ ও ১৯৯৭ সনে সংশোধিত ১৬(ক) (২), (৪) উপধারা এবং ২০১৪ সনে সংশোধিত ৪(২) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদ এর অন্তবর্তীকালীন পরিষদ নিম্নরূপভাবে পুনর্গঠন করেছেন:

ক্রমিক নম্বর	নাম	পদবী
১.	জনাব অংসুই প্রু চৌধুরী	চেয়ারম্যান
২.	জনাব হাজী মুছা মাতব্বর	সদস্য
৩.	জনাব সুবির কুমার চাকমা	সদস্য
৪.	জনাব প্রিয় নন্দ চাকমা	সদস্য
৫.	জনাব প্রবর্তক চাকমা	সদস্য

৬.	জনাব ইলিপন চাকমা	সদস্য
৭.	জনাব মোঃ আব্দুর রহিম	সদস্য
৮.	জনাব বাদল চন্দ্র দে	সদস্য
৯.	জনাব অংসুই ছাইন চৌধুরী	সদস্য
১০.	জনাব নিউচিং মারমা	সদস্য
১১.	মিসেস ঝর্ণা খীসা	সদস্য
১২.	মোছাঃ আছমা বেগম	সদস্য
১৩.	জনাব বিপুল ত্রিপুরা	সদস্য
১৪.	জনাব দীপ্তিময় তালুকদার	সদস্য
১৫.	জনাব রেমলিয়ানা পাংখোয়া	সদস্য

৫.ক.৫ রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ হস্তান্তরিত বিষয়সমূহ:

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের অধীনে হস্তান্তরিতদপ্তর/সংস্থার তালিকা (পার্বত্য জেলা পরিষদ আইনের ২২ ও ২৩ ধারা এবং প্রথম তফসিল অনুযায়ী)-

ক্রমিক নম্বর	হস্তান্তরিত দপ্তর/সংস্থার নাম	হস্তান্তরিত হওয়ার সন
১	বাজারফান্ড প্রশাসন	১৯৮৯
২	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	১৯৯০
৩	সিভিল সার্জনের কার্যালয়	১৯৯০
৪	জেলা পরিবার পরিকল্পনা বিভাগ	১৯৯০
৫	জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ	১৯৯০
৬	জেলা সমবায় বিভাগ	১৯৯৩
৭	জেলা সমাজ সেবা অধিদপ্তর	১৯৯৩
৮	জেলা মৎস্য অফিস	১৯৯৩
৯	জেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর	১৯৯৩
১০	জেলা প্রাণী সম্পদ অধিদপ্তর	১৯৯৩
১১	জেলা ক্রীড়া বিভাগ	১৯৯৩
১২	জেলা শিল্পকলা একাডেমী	১৯৯৩
১৩	ক্ষুদ্র-নৃ-গোষ্ঠির সাংস্কৃতিক ইনস্টিটিউট	১৯৯৩
১৪	জেলা পাবলিক লাইব্রেরী	১৯৯৩
১৫	ক্ষুদ্র ও কুটির শিল্প (বিসিক) কর্পোরেশন	১৯৯৩
১৬	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট	২০০৬
১৭	জেলা ও উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর	২০০৭
১৮	জেলা হর্টিকালচার সেন্টার ও নার্সারীসমূহ	২০০৭
১৯	প্রধান তুলা উন্নয়ন কমকর্তার কার্যালয়	২০০৭
২০	পরিবার পরিকল্পনা পরিদর্শিকা প্রশিক্ষণ ইনস্টিটিউট	২০০৮
২১	নার্সিং ট্রেনিং ইনস্টিটিউট	২০০৯
২২	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) রাঙ্গামাটি জেলার দপ্তরসমূহ	২০১২
২৩	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর রাঙ্গামাটি	২০১২
২৪	মাধ্যমিক শিক্ষা	২০১৪

২৫	জুমচাষ ব্যবস্থাপনা	২০১৩
২৬	পৌরসভা ও ইউনিয়ন পরিষদ ব্যতীত ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট ও অন্যান্য শাসন সংক্রান্ত প্রতিষ্ঠান	২০১৪
২৭	স্থানীয় শিল্প বাণিজ্য ও লাইসেন্স প্রদান	২০১৪
২৮	জন্ম-মৃত্যু ও অন্যান্য পরিসংখ্যান	২০১৪
২৯	মহাজনী কারবার	২০১৪
৩০	স্থানীয় পর্যটন	২০১৪

৫.ক. ৬ রাঙ্গামাটি পাবর্ত্য জেলা পরিষদের বিধিসমূহ:

১। রাংগামাটি পাবর্ত্য জেলা স্থানীয় সরকার পরিষদ কাযর্প্রণালী বিধিমালা ১৯৯০
২। রাংগামাটি পাবর্ত্য জেলা স্থানীয় সরকার পরিষদ পরির্দশন বিধিমালা ১৯৯০
৩। রাংগামাটি পাবর্ত্য জেলা স্থানীয় সরকার পরিষদ (রাংগামাটি হিসাব রক্ষণাবেক্ষণ ও নিরীক্ষণ) বিধিমালা ১৯৯১

৫.ক.৭ রাঙ্গামাটি পাবর্ত্য জেলা পরিষদের প্রবিধানসমূহ:

পাবর্ত্য জেলা পরিষদ আইনের ৬৯ধারা অনুযায়ী পরিষদকে প্রবিধান প্রণয়নের ক্ষমতা প্রদান করা হয়েছে। রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদ আইন ১৯৮৯ খ্রিষ্টাব্দ হতে এ পযর্ন্ত সবর্মোট ১০টি প্রবিধান প্রণয়ন করা হয়েছে এবং তার ভিত্তিতে কার্যক্রম চলছে। প্রবিধানগুলো নিম্নরূপঃ

১. রাংগামাটি পাবর্ত্য জেলা স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণের (সুযোগ-সুবিধা) প্রবিধানমালা ১৯৮৯ (প্রথম সংশোধনী ১৯৯৬, দ্বিতীয় সংশোধনী ১৯৯৯, তৃতীয় সংশোধনী ২০০০, চতুথ সংশোধনী ২০০১, ও পঞ্চম সংশোধনী ২০০২)
২. রাংগামাটি পাবর্ত্য জেলা স্থানীয় সরকার পরিষদ কর্মচারি চাকুরী প্রধিানমালা ১৯৯৬ (প্রথম সংশোধনী ১৯৯৯, দ্বিতীয় সংশোধনী ২০০০, তৃতীয় সংশোধনী ২০০১, চতুথ সংশোধনী ২০০২)
৩. রাংগামাটি পাবর্ত্য জেলা স্থানীয় সরকার পরিষদের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন ও এতদসংক্রান্ত চুক্তি প্রবিধানমালা ১৯৯৫ (প্রথম সংশোধনী ২০০০)
৪. রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদের রপ্তানীযোগ্য দ্রব্যসামগ্রীর উপর টোল ধার্য ও আদায় প্রবিধানমালা ১৯৯৯ (প্রথম সংশোধনী ২০০০)
৫. রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদের সভা সংক্রান্ত প্রবিধানমালা ১৯৯৯ (প্রথম সংশোধনী ২০০০)
৬. রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদের বদান্য তহবিল প্রবিধানমালা ২০০০
৭. রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদের হস্তান্তরিত বিভাগের কর্মচারী নিয়োগ প্রবিধানমালা ২০০০
৮. রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদের কার্য প্রবিধানমালা ২০০০
৯. রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদের মোটরযান, নৌ-যান, উন্নয়ন কাজে ব্যবহৃত যন্ত্রপাতি, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষনাকরণ এবং নিষ্পত্তিকরণ সম্পর্কিত প্রবিধানমালা ২০০১
১০. রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদের আওতাধীন স্থাবর সম্পত্তি হস্তান্তরের উপর কর ধার্য ও আদায় প্রবিধানমালা ২০০৮।

এছাড়াও ২০১৬ খ্রিঃ হতে এ যাবত ২৩ টি প্রবিধান প্রণয়ণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

৫.ক.৮ জেলা উন্নয়ন কমিটিতে রাঙ্গামাটি পাবর্ত্য জেলা পরিষদের ভূমিকা:

১৯৮৯ খ্রিষ্টাব্দের ২৬ আগষ্ট মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং মপবি/জেপ্র-০৪/৩(৬৫)/৮৩-৮৯/৪৭৭ এর মাধ্যমে জেলার উন্নয়ন কার্যক্রম সমন্বয়ের জন্য জেলা প্রশাসকের সভাপতিত্বে পূর্বের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির পরিবর্তে বতমানে 'জেলা উন্নয়ন কমিটি' রাখা হয় এবং তিন পাবর্ত্য জেলা পরিষদের চেয়ারম্যানগনকে এর আহ্বায়ক মনোনীত করা হয়। এ পরিবর্তন শুধুমাত্র রাঙ্গামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান পাবর্ত্য জেলা পরিষদসমূহের জন্য প্রযোজ্য হবে বলে নির্ধারিত হয়। এ কমিটির দায়িত্ব ও কতর্ব্য সম্পর্কে বলা হয়: এখন হইতে পাবর্ত্য জেলাসমূহের জন্য গঠিত এই 'জেলা উন্নয়ন কমিটি' পূর্বের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সার্বিক দায়িত্বসহ নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করিবে:

১. এলাকাধীন সকল উন্নয়নমূলক কার্যাদির সহিত সম্পৃক্ত স্থানীয় কর্তৃপক্ষসমূহ যথা: ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভার সহিত সামগ্রিক সমন্বয় ও মনিটরিং।

২. আন্ত:বিভাগ/সংস্থার উন্নয়নমূলক কর্মসূচি ও প্রকল্পসমূহের কর্মসূচি ও প্রকল্পসমূহের বাস্তবায়নের সমন্বয় সংক্রান্ত প্রতিবন্ধকতা দূরীকরণ।

৩. উন্নয়ন কর্মকান্ড ত্বরান্বিত করার লক্ষ্যে প্রকল্পসমূহ পরিদশন ও তদারকি এবং সমস্যা সমাধানের জন্য উপায় উদ্ভাবন।

৪. উন্নয়নমূলক কর্মকান্ড ও প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং এদের আর্থ-সামাজিক প্রভাব বিশ্লেষণ।

৫.ক.৯ বিষয়ভিত্তিক কমিটি গঠন সংক্রান্ত:

পরিষদ আইনের ২৭ ধারার আলোকে উন্নয়ন কাজে বিভিন্ন প্রকল্প প্রণয়নের নিমিত্ত এবং পরিষদে হস্তান্তরিত বিভাগের উন্নয়ন কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনা, নিয়ন্ত্রণ, সমন্বয় ও তত্ত্বাবধানের লক্ষ্যে রাঙ্গামাটি পাবর্ত্য জেলা পরিষদ নিম্নলিখিত বিষয় ভিত্তিক কমিটি গঠন করেছে।

ক্রমিক নং	আহ্বায়ক দায়িত্ব প্রাপ্ত পরিষদ সদস্যের নাম	হস্তান্তরিত বিভাগ/কর্ম/কার্যালয়ের নাম
১.	জনাব হাজী মুছা মাতব্বর	১) বাজারফান্ড ২) মাধ্যমিক শিক্ষা বিভাগ।
২.	জনাব সুবির কুমার চাকমা	১) স্বাস্থ্য বিভাগ ২) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
৩.	জনাব প্রিয় নন্দ চাকমা	প্রাথমিক শিক্ষা বিভাগ।
৪.	জনাব প্রবর্তক চাকমা	সমাজসেবা অধিদপ্তর।
৫.	জনাব ইলিপন চাকমা	১) সমবায় বিভাগ ও ২) যুব উন্নয়ন অধিদপ্তর।
৬.	জনাব মোঃ আব্দুর রহিম	জেলা মৎস্য দপ্তর।
৭.	জনাব বাদল চন্দ্র দে	১) জেলা শিল্পকলা একাডেমি ২) জেলা সরকারি গণগ্রন্থাগার
৮.	জনাব অংসুই ছাইন চৌধুরী	১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ২) বিএডিসি ৩। হর্টিকালচার সেন্টারসমূহ
